রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ডিসেম্বর ২৭, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়**
**সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৮ অগ্রহায়ণ, ১৪২৯ বঙ্গাব্দ/১৩ ডিসেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

**এস, আর, ও, নং ৩৬৭-আইন/২০২২।**—সড়ক পরিবহণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২২ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

**প্রথম অধ্যায়**

**প্রারম্ভিক**

১। **শিরোনাম এবং প্রবর্তন।**—(১) এই বিধিমালা সড়ক পরিবহণ বিধিমালা, ২০২২ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **'অপেশাদার ড্রাইভিং লাইসেন্স'** অর্থ এইরূপ একটি ড্রাইভিং লাইসেন্স যাহা কাহারো বেতনভোগী কর্মচারী না হইয়া কোনো হালকা মোটরযান চালাইবার অথবা পরিবহণযান ভিন্ন অন্যান্য ধরনের মোটরযান চালাইবার কর্তৃত্বদান করিয়া উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক নির্দিষ্ট কোনো ব্যক্তিকে প্রদত্ত;

(খ) **'অটোরিকশা'** অর্থ ব্যক্তিগত কাজে ব্যবহৃত থ্রি হুইলার মোটরযান যাহার আনলেডেন ওজন ৪৫০ (চারশত পঞ্চাশ) কিলোগ্রামের অধিক নহে এবং চালক ব্যতীত যাহার আসন সংখ্যা অনধিক ৩ (তিন)টি;


**মূল্য :** টাকা ১৬০.০০

(গ) **'অটোটেম্পু'** অর্থ থ্রি হুইলার মোটরযান যাহার আনলেডেন ওজন ৫০০ কিলোগ্রামের অধিক নহে এবং যাহা ভাড়ার বিনিময়ে চালক ব্যতীত অনধিক ৬ (ছয়) জন যাত্রী বহনের উপযোগী করিয়া নির্মিত, প্রস্তুত বা ব্যবহৃত হয়;

(ঘ) **'আইন'** অর্থ সড়ক পরিবহণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৪৭ নং আইন);

(ঙ) **'ইলেকট্রনিক পদ্ধতি'** অর্থ সেবা প্রদানের নিমিত্ত কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় চালুকৃত ইলেকট্রনিক পদ্ধতি;

(চ) **'ইলেকট্রিক মোটরযান'** অর্থ এক বা একাধিক মোটরের সাহায্যে চালিত মোটরযান যাহার চালিকা শক্তি উক্ত মোটরযানে সংযুক্ত রিচার্জেবল ব্যাটারির সাহায্যে সরবরাহ করা হয়, কিন্তু ব্যাটারিচালিত বাই সাইকেল বা রিকশা ইহার অন্তর্ভুক্ত নহে;

(ছ) **'ইনস্ট্রাক্টর'** অর্থ মোটরযান চালনায় তাত্ত্বিক, ব্যবহারিক বা উভয় বিষয়ে শিক্ষা ও প্রশিক্ষণ প্রদানের জন্য কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ব্যক্তি;

(জ) **'কর্তৃপক্ষ'** অর্থ বাংলাদেশ সড়ক পরিবহণ কর্তৃপক্ষ, আইন, ২০১৭ এর ধারা ২(গ) এ সংজ্ঞায়িত কর্তৃপক্ষ;

(ঝ) **'কোম্পানি'** অর্থ কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীন গঠিত ও নিবন্ধিকৃত কোনো কোম্পানি;

(ঞ) **'জিপ'** অর্থ ফোর হুইল ড্রাইভ বিশিষ্ট এইরূপ একটি হালকা মোটরযান যা পরিবহণযান, লোকোমোটিভ, রোড রোলার, ট্রাক্টর, মোটরকার, মাইক্রোবাস, মোটর সাইকেল বা পঙ্গু লোকের বাহন নহে এবং যাহা চালক ব্যতীত অনধিক ৮ (আট) জন যাত্রী বহন উপযোগী করিয়া নির্মিত ও ডিজাইনকৃত;

(ট) **'ট্রিপ'** অর্থ পরিবহণযানের কোনো একটি নির্দিষ্ট স্থান হইতে অপর একটি নির্দিষ্ট স্থানে একবার চলা এবং অনুরূপভাবে প্রত্যেকবার চলা একেকটি স্বতন্ত্র ট্রিপ;

(ঠ) **'ট্যাংকলরি'** অর্থ এইরূপ একটি পণ্যবাহী মোটরযান যাহার কাঠামো বা চেসিসের সহিত স্থায়ীভাবে বা অস্থায়ীভাবে একটি আবদ্ধ আধার সংযুক্ত থাকিবে যাহা কোনো তরল বা গ্যাসীয় পদার্থ পরিবহণের জন্য বিশেষভাবে ডিজাইনকৃত এবং নির্মিত;

(ড) **'টেনডেম এক্সেল'** অর্থ মোটরযানের দুইটি পর্যায়ক্রমিক বা পরস্পর সজ্জিত অক্ষ বা এক্সেল যাহাদের কেন্দ্রবর্তী বা কেন্দ্র হইতে কেন্দ্রের দুরত্ব ১০০ (একশত) সেন্টিমিটারের নিম্নে নহে এবং ২০০ (দুইশত) সেন্টিমিটারের উর্দ্ধে নহে এবং যাহারা একে অন্যের সহিত একটি ভারবাহী ঝুলন্ত কাঠামো দ্বারা সংযুক্ত;

(ঢ) **'ট্রাই এক্সেল'** অর্থ মোটরযানের তিনটি পর্যায়ক্রমিক অক্ষ বা এক্সেল যাহাদের সর্বাপেক্ষা বাহিরের দিকগুলোর কেন্দ্র ২০০ (দুইশত) সেন্টিমিটারের নিম্নে নহে এবং ৩২০ (তিনশত বিশ) সেন্টিমিটারের উর্দ্ধে নহে এইরূপ দূরত্বে অবস্থিত এবং যাহারা একে অন্যের সহিত একটি ভারবাহী ঝুলন্ত কাঠামো দ্বারা সংযুক্ত;

(ণ) **'ড্রাইভিং ইনস্ট্রাক্টর লাইসেন্স'** অর্থ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত দলিল যাহার মাধ্যমে লাইসেন্সধারী বেতন, পারিশ্রমিক বা পারিতোষিকের বিনিময়ে মোটরযান চালাইবার প্রশিক্ষণ প্রদানের অনুমোদন প্রাপ্ত হয়;

(ত) **'তফসিল'** অর্থ এই বিধিমালার কোনো তফসিল;

(থ) **'ধারা'** অর্থ সড়ক পরিবহণ আইন, ২০১৮ এর ধারা;

(দ) **'পথচারী পারাপার'** অর্থ সর্বসাধারণের রাস্তার সেই অংশ যাহা পথচারীদের রাস্তা পারাপারের জন্য উপযুক্তরূপে চিহ্নিত (জেব্রা ক্রসিং হিসাবে পরিচিত ও চিহ্নিত হইয়া থাকে) করিয়া দেওয়া হয় এবং যেই স্থানে একাধিক রাস্তা পরস্পরকে অতিক্রম করিয়াছে উহার পার্শ্ববর্তী পায়ে চলার স্থানও ইহার অন্তর্ভুক্ত;

(ধ) **'পাবলিক ক্যারিয়ার'** অর্থ এইরূপ পরিবহণযান যাহা ভাড়ার বিনিময়ে যে কোনো সময় সর্বসাধারণের ব্যবহার্য যে কোনো স্থানে কোনো চুক্তির শর্ত অনুযায়ী বা অন্য কোনোভাবে অপর কোনো ব্যক্তির কোনো মালপত্র বা কোনো শ্রেণির মালপত্র বহন করে;

(ন) **'প্রাইভেট ক্যারিয়ার'** অর্থ সাধারণ পরিবহণ ব্যতীত কোনো পরিবহণযান যাহার মালিক নিজস্ব সম্পত্তি বা নিজস্ব ব্যবসার প্রয়োজনে পণ্য বহনের জন্য উক্ত পরিবহণযানটি ব্যবহার করেন বা কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত যে কোনো উদ্দেশ্যে পরিবহণযানটি ব্যবহৃত হয়;

(প) **'প্রাইভেট সার্ভিস মোটরযান'** অর্থ চালকসহ ৭ (সাত) জনের অধিক ব্যক্তি পরিবহণের জন্য নির্মিত বা অভিযোজিত কোনো মোটরযান এবং উক্ত মোটরযানের মালিক নিজে বা তাহার ব্যবসা বা বাণিজ্যের সহিত সম্পর্কিত ব্যক্তিদের পরিবহণের উদ্দেশ্যে বা অন্য কোনো সংস্থার সহিত চুক্তি বা সমঝোতার শর্ত অনুযায়ী তাহাদের কর্মচারীদের পরিবহণের জন্য ব্যবহৃত যান;

(ফ) **'প্রস্তুতকারক'** অর্থ এইরূপ একটি রেজিস্ট্রেশনকৃত প্রতিষ্ঠান, যেখানে একটি মোটরযানের এক বা একাধিক মূল যন্ত্রাংশ বা সকল যন্ত্রাংশ উৎপাদিত হয় এবং যেখানে একটি নির্দিষ্ট ব্রান্ডের নামে একটি মোটরযানের সম্পূর্ণ বা পরিপূর্ণ চেসিস উৎপাদিত হয় এবং তাহার সহিত কোনো কাঠামো সংযুক্ত থাকুক বা না থাকুক এবং যে ক্ষেত্রে উক্ত প্রতিষ্ঠান কর্তৃক উৎপাদিত পণ্যের সকল অধিকার সংরক্ষিত হয়;

(ব) **'ফরম/**Form' অর্থ এই বিধিমালার কোনো ফরম/Form;

(ভ) '**বিশেষ ধরনের মোটরযান**' অর্থ বিশেষভাবে ডিজাইনকৃত ও নির্মিত এবং রাস্তা নির্মাণ, মেরামত ও পরিষ্কার করিবার জন্য অথবা উন্নয়নমূলক কাজের জন্য অথবা পানি সরবরাহ বা সঞ্চালনের জন্য অথবা অগ্নিনির্বাপণ বা ভারোত্তোলন বা টানিয়া লওয়া বা রক্ষণাবেক্ষণ তত্ত্বাবধান বা শব বহনের উদ্দেশ্যে বা জনসাধারণের বিশেষ সেবা প্রদানের জন্য ব্যবহৃত হয় এইরূপ মোটরযান;

(ম) **'ব্যক্তি'** অর্থ কোনো প্রাকৃতিক ব্যক্তি এবং অংশীদারি কারবার, সমিতি, কোম্পানি, কর্পোরেশন, সমবায় সমিতি এবং সংবিধিবদ্ধ সংস্থাও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(য) **'মেডিকেল সার্টিফিকেট'** অর্থ ড্রাইভিং লাইসেন্স ইস্যু, নবায়ন বা এতদসংক্রান্ত কাজের জন্য আবেদনকারীর শারীরিক সুস্থতা সম্পর্কে বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল কর্তৃক নিবন্ধিত চিকিৎসক কর্তৃক ফরম-২ মোতাবেক প্রদত্ত মেডিকেল সার্টিফিকেট;

(র) **'মোটরযান পরিদর্শক'** অর্থ আইন এবং এই বিধিমালার অধীন কোনো মোটরযান পরিদর্শকের কার্যাবলি ও দায়িত্ব পালনের উদ্দেশ্যে কর্তৃপক্ষ কর্তৃক নিযুক্ত কর্মচারী;

(ল) **'মোটরকার'** অর্থ এইরূপ একটি হালকা মোটরযান যা পরিবহণযান, লোকোমোটিভ, রোড রোলার, ট্রাক্টর, মাইক্রোবাস, মোটর সাইকেল বা পঙ্গু লোকের বাহন নহে এবং যাহা চালক ব্যতীত অনধিক ৬ (ছয়) জন যাত্রী বহন উপযোগী করিয়া নির্মিত ও ডিজাইনকৃত;

(শ) **'মোটরক্যাব'** অর্থ এইরূপ একটি মোটরযান যাহা ভাড়ার বিনিময়ে চালক ব্যতীত অনধিক ৬ (ছয়) জন যাত্রী বহনের উপযোগী করিয়া নির্মিত, প্রস্তুতকৃত বা ব্যবহৃত;

(ষ) **'মোটরক্যাব রিকশা'** অর্থ ৩ (তিন) চাকা বিশিষ্ট এইরূপ একটি মোটরযান যাহার আনলেডেন ওজন ৪৫০ (চারশত পঞ্চাশ) কিলোগ্রামের অধিক নহে এবং যাহা ভাড়ার বিনিময়ে চালক ব্যতীত অনধিক ৩ (তিন) জন যাত্রী বহনের উপযোগী করিয়া নির্মিত, প্রস্তুতকৃত বা ব্যবহৃত;

(স) **'মোটরযান মেরামত কারখানা'** অর্থ যেখানে মোটরযানের ইঞ্জিন, মোটর বা অন্যান্য যন্ত্রাংশ মেরামত করা হয় বা মোটরযানের বডি প্রস্তুত বা মেরামত করা হয়;

(হ) **'সরকার'** অর্থ প্রশাসনিক মন্ত্রণালয় বা বিভাগ; এবং

(ড়) **'স্বীকৃত প্রতিষ্ঠান'** অর্থ আপাতত বলবৎ কোনো আইন দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোনো প্রতিষ্ঠান এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, সরকার অথবা কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোনো প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

(২) এই বিধিমালায় যে সকল শব্দ বা অভিব্যক্তি ব্যবহৃত হইয়াছে কিন্তু সংজ্ঞায়িত হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি সড়ক পরিবহণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৪৭ নং আইন) এবং বাংলাদেশ সড়ক পরিবহণ কর্তৃপক্ষ আইন, ২০১৭ (২০১৭ সনের ১৭ নং আইন) এ যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **বিধিমালার প্রয়োগ।**—এই বিধিমালার বিধানাবলি বাংলাদেশ সড়ক পরিবহণ কর্তৃপক্ষ আইন, ২০১৭ (২০১৭ সনের ১৭ নং আইন) এবং এতদ্‌সংক্রান্ত প্রচলিত অন্যান্য আইন বা তদধীন প্রণীত বিধিমালার পরিপূরক হইবে।

## দ্বিতীয় অধ্যায়

## ড্রাইভিং লাইসেন্স, মেয়াদ, নবায়ন, ইত্যাদি

৪। **ড্রাইভিং লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ।**—মোটর ড্রাইভিং লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ হইবে কর্তৃপক্ষের সংশ্লিষ্ট অধিক্ষেত্রের উপ-পরিচালক (ইঞ্জিনিয়ারিং) বা সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং) বা কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত অন্য কোনো কর্মচারী এবং কর্তৃপক্ষ প্রয়োজনে একই অধিক্ষেত্রের মধ্যে একাধিক কর্মচারীকে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ হিসাবে ক্ষমতা প্রদান করিতে পারিবে।

৫। **ড্রাইভিং লাইসেন্সের শ্রেণি।**—(১) ড্রাইভিং লাইসেন্সের শ্রেণি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) পেশাদার ড্রাইভিং লাইসেন্স;

(খ) অপেশাদার ড্রাইভিং লাইসেন্স।

(২) কোনো ব্যক্তি নিম্নবর্ণিত মোটরযান চালাইবার জন্য পেশাদার ড্রাইভিং লাইসেন্সের আবেদন করিতে পারিবেন, যথা:—

(ক) মোটর সাইকেল;

(খ) থ্রি-হুইলার মোটরযান;

(গ) হালকা মোটরযান;

(ঘ) মধ্যম মোটরযান;

(ঙ) ভারী মোটরযান; এবং

(চ) বিশেষ ধরনের মোটরযান (যেমন—আর্টিকুলেটেড মোটরযান, প্রাইম মুভার, ট্রাক্টর, ক্রেন, ইত্যাদি)।

(৩) কোনো ব্যক্তি নিম্নবর্ণিত মোটরযান চালাইবার জন্য অপেশাদার ড্রাইভিং লাইসেন্সের আবেদন করিতে পারিবেন, যথা:—

(ক) মোটর সাইকেল;

(খ) হালকা মোটরযান;

(গ) বিশেষ ধরনের মোটরযান; এবং

(ঘ) প্রতিবন্ধী বান্ধব মোটরযান।

৬। **শিক্ষানবিশ ড্রাইভিং লাইসেন্স।**—(১) এই বিধিমালার অধীন ড্রাইভিং লাইসেন্স পাইবার জন্য দক্ষতা যাচাই পরীক্ষায় অংশগ্রহণের পূর্বে সংশ্লিষ্ট ব্যক্তিকে শিক্ষানবিশ ড্রাইভিং লাইসেন্স গ্রহণ করিতে হইবে।

(২) শিক্ষানবিশ ড্রাইভিং লাইসেন্স পাইবার জন্য ফরম-১ অনুযায়ী অথবা কর্তৃপক্ষ কর্তৃক চালুকৃত ইলেকট্রনিক পদ্ধতিতে আবেদন করিতে হইবে এবং আবেদনপত্রের সহিত নিম্নবর্ণিত কাগজপত্র বা তথ্যাদি সংযুক্ত করিয়া দাখিল করিতে হইবে, যথা:—

(ক) জাতীয় পরিচয়পত্রের অনুলিপি;

(খ) ফরম-২ অনুযায়ী রেজিস্টার্ড চিকিৎসক কর্তৃক প্রদত্ত মেডিকেল সার্টিফিকেট;

(গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি;

(ঘ) বর্তমান ঠিকানার প্রমাণপত্র; এবং

(ঙ) তফসিল-১ এ উল্লিখিত ফি পরিশোধের প্রমাণপত্র।

(৩) কর্তৃপক্ষ কর্তৃক এতদুদ্দেশ্যে দায়িত্বপ্রাপ্ত কর্মচারী লিখিতভাবে উপ-বিধি (২) এর অধীন দাখিলকৃত আবেদনপত্র গ্রহণের প্রাপ্তি স্বীকার করিবেন:

তবে শর্ত থাকে যে, ইলেকট্রনিক পদ্ধতিতে আবেদনের ক্ষেত্রে কর্তৃপক্ষ বরাবর আবেদন দাখিলই প্রাপ্তি স্বীকার বলিয়া গণ্য হইবে।

(৪) লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ উপ-বিধি (২) এর অধীন দাখিলকৃত শিক্ষানবিশ ড্রাইভিং লাইসেন্সের আবেদন যথাযথভাবে লিপিবদ্ধ বা অন্তর্ভুক্ত করিয়া আবেদনপত্রের উপর তারিখ ও ক্রমিক প্রদান করিবে এবং, ক্ষেত্রমত, ডাটাবেজে সংরক্ষণ করিবে।

(৫) লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ যাচাই-বাছাইক্রমে শিক্ষানবিশ ড্রাইভিং লাইসেন্সের আবেদন গ্রহণ করিবে এবং আবেদন অসম্পূর্ণ হইলে কারণ উল্লেখপূর্বক উক্ত আবেদন বাতিল করিতে পারিবে।

(৬) আবেদনকারীকে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ অনধিক ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ফরম-৩ অনুযায়ী শিক্ষানবিশ ড্রাইভিং লাইসেন্স প্রদান করিবে তবে, ইলেকট্রনিক পদ্ধতিতে আবেদনের ক্ষেত্রে আবেদনকারী তাৎক্ষণিক শিক্ষানবিশ ড্রাইভিং লাইসেন্সটি প্রিন্ট করিয়া লইতে পারিবেন।

(৭) শিক্ষানবিশ ড্রাইভিং লাইসেন্সের মেয়াদ হইবে ৬ (ছয়) মাস এবং তফসিল-১ অনুযায়ী উক্ত লাইসেন্সের ফি নির্ধারিত হইবে:

তবে শর্ত থাকে যে, প্রার্থীর আবেদনের প্রেক্ষিতে সমপরিমাণ ফি প্রদান সাপেক্ষে কর্তৃপক্ষ উহার মেয়াদ আরও ৬ (ছয়) মাস বৃদ্ধি করিতে পারিবে।

(৮) শিক্ষানবিশ ড্রাইভিং লাইসেন্সের মেয়াদ ২ (দুই) মাস অতিক্রান্ত না হইলে কোনো প্রার্থী দক্ষতা যাচাই পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবেন না:

তবে শর্ত থাকে যে, চাকরির আবেদন ও বিদেশ গমনের প্রয়োজনে প্রমাণক দাখিল সাপেক্ষে কর্তৃপক্ষ সময়সীমার এই বাধ্যবাধকতা শিথিল করিতে পারিবে।

(৯) শিক্ষানবিশ ড্রাইভিং লাইসেন্সে দক্ষতা যাচাই পরীক্ষার স্থান, তারিখ ও সময় উল্লেখ থাকিবে এবং কোনো প্রার্থী উল্লিখিত তারিখ ও সময়ে উপস্থিত হইতে অসমর্থ হইলে কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে পরবর্তী সময়ে দক্ষতা যাচাই পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবেন এবং প্রত্যেক শ্রেণির মোটরযানের ড্রাইভিং দক্ষতা যাচাইয়ের জন্য তফসিল-১ এ বর্ণিত শিক্ষানবিশ ড্রাইভিং লাইসেন্স ফি প্রদান করিতে হইবে।

(১০) শিক্ষানবিশ ড্রাইভিং লাইসেন্সধারী ব্যক্তি পাবলিক প্লেসে মোটরযান চালাইবার ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়সমূহ প্রতিপালন করিবেন, যথা:―

(ক) ইনস্ট্রাক্টর চালকের পাশে এইরূপ অবস্থানে থাকিবেন যাহাতে মোটরযানটি তাৎক্ষণিকভাবে থামানো সম্ভবপর হয়;

(খ) মোটরযানটি দ্বৈত নিয়ন্ত্রণের উপযুক্ত হইতে হইবে (মোটর সাইকেলের ক্ষেত্রে প্রযোজ্য নয়);

(গ) প্রশিক্ষণ গ্রহণকালীন সময় মোটরযানটির সামনে ও পিছনে সহজে দৃশ্যমান অংশে ৭৭ (সাতাত্তর) বর্গ সে.মি. সাদা রঙের প্লেট যাহার উপর ১৮ (আঠার) সে.মি. উচ্চতা এবং ১৮ (আঠার) সে.মি. প্রস্থ বিশিষ্ট লাল অক্ষরে 'শিক্ষানবিশ' প্লেট বা কার্ড সংযুক্ত থাকিতে হইবে।

৭। **ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তির শর্ত**।- কোনো ব্যক্তি এই বিধিমালার অধীন প্রযোজ্য অন্যান্য বিধান ও নিম্নবর্ণিত বিষয়সমূহ প্রতিপালন সাপেক্ষে ড্রাইভিং লাইসেন্স প্রাপ্ত হইবেন, যথা:―

(ক) অন্যূন অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে;

(খ) ফরম-২ অনুযায়ী মেডিকেল সার্টিফিকেট দাখিল করিতে হইবে;

(গ) মোটরযান চালাইবার দক্ষতা যাচাই পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে;

(ঘ) ড্রাইভিং লাইসেন্স সংক্রান্ত ফি প্রদানের প্রমাণক দাখিল করিতে হইবে; এবং

(ঙ) বয়স ৭০ (সত্তর) বৎসরের অধিক হইলে মোটরযান চালাইবার শারীরিক সক্ষমতা রহিয়াছে মর্মে বিশেষজ্ঞ চিকিৎসকের পরামর্শপত্র দাখিল করিতে হইবে।

৮। **ড্রাইভিং দক্ষতা যাচাই কমিটি**।―(১) ড্রাইভিং দক্ষতা যাচাইয়ের উদ্দেশ্যে মেট্রোপলিটন এলাকার জন্য নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে মেট্রোপলিটন দক্ষতা যাচাই কমিটি গঠিত হইবে, যথা:―

(ক) জেলা প্রশাসক কর্তৃক মনোনীত কোনো অতিরিক্ত জেলা প্রশাসক―সভাপতি;

(খ) কর্তৃপক্ষের চেয়ারম্যান কর্তৃক মনোনীত একজন উপ-পরিচালক (ইঞ্জিনিয়ারিং)―সহ-সভাপতি;

(গ) পুলিশ কমিশনার কর্তৃক মনোনীত অন্যূন সহকারী পুলিশ কমিশনার―সদস্য;

(ঘ) সংশ্লিষ্ট এলাকার মেডিকেল কলেজের অধ্যক্ষ কর্তৃক মনোনীত ১ (এক) জন প্রভাষক বা সিভিল সার্জন কর্তৃক মনোনীত ১ (এক) জন মেডিকেল অফিসার―সদস্য;

(ঙ) সংশ্লিষ্ট এলাকার পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষ কর্তৃক মনোনীত ১ (এক) জন অটোমোবাইল ইনস্ট্রাক্টর―সদস্য;

(চ) সংশ্লিষ্ট এলাকার কর্তৃপক্ষের সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং) বা সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং) কর্তৃক মনোনীত ১ (এক) জন মোটরযান পরিদর্শক―সদস্য সচিব।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত কমিটির ক্ষেত্রে সভাপতির অনুপস্থিতিতে সহ-সভাপতি সভাপতির দায়িত্ব পালন করিবেন এবং সহ-সভাপতির অনুপস্থিতিতে উপস্থিত সদস্যদের মধ্যে যিনি জ্যেষ্ঠ, তিনি সভাপতির দায়িত্ব পালন করিবেন এবং যিনি সভাপতির দায়িত্ব পালন করিবেন তিনিসহ কমপক্ষে ৪ (চার) জন সদস্যের উপস্থিতিতে সভার কোরাম পূর্ণ হইবে এবং কমিটি মাসে অন্যূন একবার বা, প্রয়োজনে, একাধিকবার দক্ষতা যাচাই পরীক্ষা গ্রহণ করিতে পারিবে।

(৩) ড্রাইভিং দক্ষতা যাচাইয়ের উদ্দেশ্যে জেলা এলাকার জন্য নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে জেলা দক্ষতা যাচাই কমিটি গঠিত হইবে, যথা:—

(ক) জেলা প্রশাসক কর্তৃক মনোনীত কোনো অতিরিক্ত জেলা প্রশাসক—সভাপতি;

(খ) পুলিশ সুপার কর্তৃক মনোনীত অতিরিক্ত পুলিশ সুপার—সহ-সভাপতি;

(গ) সংশ্লিষ্ট এলাকার সিভিল সার্জন কর্তৃক মনোনীত ১ (এক) জন মেডিকেল অফিসার—সদস্য;

(ঘ) পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষ কর্তৃক মনোনীত ১ (এক) জন প্রতিনিধি বা কারিগরি ইনস্টিটিউটের প্রতিনিধি (ইনস্ট্রাক্টরের নিম্নে নহে)—সদস্য;

(ঙ) সংশ্লিষ্ট এলাকার কর্তৃপক্ষের সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং) বা সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং) কর্তৃক মনোনীত ১ (এক) জন মোটরযান পরিদর্শক—সদস্য সচিব।

(৪) উপ-বিধি (৩) এ বর্ণিত কমিটির ক্ষেত্রে সভাপতির অনুপস্থিতিতে সহ-সভাপতি সভাপতির দায়িত্ব পালন করিবেন এবং সভাপতি বা সহ-সভাপতিসহ কমপক্ষে ৩ (তিন) জন সদস্যের উপস্থিতি ব্যতীত দক্ষতা যাচাই কমিটির কার্যক্রম পরিচালনা করা যাইবে না এবং কমিটি মাসে অন্যূন ১ (এক) বার বা, প্রয়োজনে, একাধিকবার দক্ষতা যাচাই পরীক্ষা গ্রহণ করিতে পারিবে।

(৫) বিশেষ প্রয়োজনে যে কোনো এলাকার জন্য কর্তৃপক্ষ এক বা একাধিক ড্রাইভিং দক্ষতা যাচাই কমিটি গঠন করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, সরকারের অনুমোদনক্রমে প্রয়োজনে কর্তৃপক্ষ, বিশেষ কর্মসূচির মাধ্যমে লাইসেন্স ইস্যু বা আউটসোর্সিংয়ের মাধ্যমে উপযুক্ত কোনো প্রতিষ্ঠান বা সংস্থাকে ড্রাইভিং দক্ষতা যাচাইয়ের জন্য নিয়োগ করিতে পারিবে।

(৬) মোটর ড্রাইভিং লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ ড্রাইভিং দক্ষতা যাচাইয়ের জন্য প্রার্থীদের তালিকা প্রণয়নপূর্বক সংশ্লিষ্ট ড্রাইভিং দক্ষতা যাচাই কমিটির নিকট প্রেরণ করিবে।

(৭) দক্ষতা যাচাই পরীক্ষার ফলাফল প্রার্থীকে তাৎক্ষণিকভাবে লিখিত আকারে বা ইলেকট্রনিক মাধ্যমে জানাইতে হইবে এবং অকৃতকার্য প্রার্থীকে পরবর্তী পরীক্ষা গ্রহণের তারিখও লিখিতভাবে বা ইলেকট্রনিক মাধ্যমে জানাইতে হইবে।

(৮) ড্রাইভিং দক্ষতা যাচাই কমিটি বা, ক্ষেত্রমত, উপ-বিধি (৫) এ বর্ণিত প্রতিষ্ঠান বা সংস্থা এই বিধিমালার তফসিল-২, ২(ক), ২(খ) ও ২(ঘ) মোতাবেক প্রার্থীর যোগ্যতা যাচাই পরীক্ষা গ্রহণপূর্বক পরীক্ষার ফলাফল লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবে এবং যদি কোনো প্রার্থী দক্ষতা যাচাই পরীক্ষায় উত্তীর্ণ না হন তবে উক্ত প্রার্থী দক্ষতা যাচাই পরীক্ষার ফি প্রদানপূর্বক ১ (এক) মাস পর পুনরায় পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবেন।

(৯) আবেদনকারী বাংলাদেশের নাগরিক এবং বিদেশি কোনো কর্তৃপক্ষ কর্তৃক হালনাগাদ বৈধ লাইসেন্সধারী হইলে শিক্ষানবিশ ড্রাইভিং লাইসেন্সের প্রয়োজন হইবে না এবং দক্ষতা যাচাই পরীক্ষায় ব্যবহারিক পরীক্ষা হইতে অব্যাহতি পাইবেন।

৯। **ড্রাইভিং লাইসেন্স প্রদানের সময়সীমা ও প্রযোজ্যতা।**—(১) ড্রাইভিং দক্ষতা যাচাই পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে ড্রাইভিং লাইসেন্স পাইবার জন্য তফসিল-১ এ বর্ণিত ফি (ড্রাইভিং লাইসেন্স ইস্যু ও যে মেয়াদের জন্য লাইসেন্স প্রদান করা হইবে সেই নির্দিষ্ট মেয়াদের জন্য ফি) প্রদান সাপেক্ষে ফরম-৪ অনুযায়ী সংশ্লিষ্ট লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ বরাবর লিখিতভাবে বা ইলেকট্রনিক মাধ্যমে আবেদন দাখিল করিতে হইবে।

(২) ড্রাইভিং লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ উপ-বিধি (১) অনুযায়ী ড্রাইভিং লাইসেন্সের আবেদন প্রাপ্তির অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করিয়া ড্রাইভিং লাইসেন্স ইস্যু করিবে এবং কোনো আবেদন ত্রুটিপূর্ণ হইলে তাৎক্ষণিকভাবে কারণ উল্লেখপূর্বক আবেদনটি ফেরত প্রদান করিবে এবং স্মার্ট কার্ড বা এইরূপ কোনো আধুনিক কার্ড ফরমেটে ড্রাইভিং লাইসেন্স প্রদানের ক্ষেত্রে কার্ড বাবদ সময় সময় সরকার কর্তৃক নির্ধারিত মূল্য লাইসেন্সধারীকে পরিশোধ করিতে হইবে।

(৩) মধ্যম মোটরযান চালনার লাইসেন্সধারী কোনো ব্যক্তি হালকা মোটরযান চালাইতে পারিবেন।

১০। **ড্রাইভিং লাইসেন্সের মেয়াদ।**—পেশাদার ও অপেশাদার ড্রাইভিং লাইসেন্সের মেয়াদ হইবে যথাক্রমে সর্বোচ্চ ৫ (পাঁচ) বৎসর ও সর্বোচ্চ ১০ (দশ) বৎসর।

১১। **ড্রাইভিং লাইসেন্স নবায়ন।**—(১) ড্রাইভিং লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হইবার ৬০ (ষাট) দিন পূর্ব হইতে মেয়াদ অতিক্রান্তের অনধিক ১৫ (পনেরো) দিন পূর্ব পর্যন্ত উক্ত লাইসেন্সের মেয়াদ নবায়নের জন্য সংশ্লিষ্ট লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ বরাবর তফসিল-১ এ বর্ণিত ফি প্রদান করিয়া ফরম-৪ অনুযায়ী লিখিতভাবে বা ইলেকট্রনিক মাধ্যমে আবেদন দাখিল করিতে হইবে এবং সেইক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণের তারিখ হইতে ড্রাইভিং লাইসেন্স নবায়ন করা হইবে:

তবে শর্ত থাকে যে, ড্রাইভিং লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হইবার ১৫ (পনেরো) দিন অপেক্ষা অধিক সময় পর নবায়ন করা হইলে তফসিল-১ এ বর্ণিত বিলম্ব ফি প্রদান করিতে হইবে।

(২) বৈদেশিক মিশন বা চাকরি সংক্রান্ত ড্রাইভিং লাইসেন্সের মেয়াদ নির্দিষ্ট থাকিলে সেইক্ষেত্রে উপ-বিধি (১) শিথিলযোগ্য হইবে।

(৩) পেশাদার লাইসেন্সের আবেদনকারী কর্তৃক আবেদনের সহিত রেজিস্টার্ড চিকিৎসক কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য পরীক্ষার সন্তোষজনক রিপোর্ট ও ডোপ টেস্ট রিপোর্ট দাখিল করিতে হইবে।

(৪) ড্রাইভিং লাইসেন্স নবায়নকালে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ আবেদনকারীর দোষসূচক পয়েন্ট কর্তন সংক্রান্ত তথ্যাদি বিবেচনা করিবে।

(৫) পেশাদার ড্রাইভিং লাইসেন্স নবায়নের ক্ষেত্রে মোটরযান পরিদর্শক আবেদনকারীর দক্ষতা যাচাইয়ের জন্য তফসিল-২ এ বর্ণিত পদ্ধতিতে ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করিবেন এবং যদি কোনো প্রার্থী দক্ষতা যাচাই পরীক্ষায় অকৃতকার্য হন তবে, উক্ত প্রার্থী দক্ষতা যাচাই পরীক্ষার ফি প্রদানপূর্বক ২ (দুই) সপ্তাহ পর পুনরায় পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবেন।

(৬) ড্রাইভিং লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ উপ-বিধি (১) অনুযায়ী ড্রাইভিং লাইসেন্স নবায়নের আবেদন দাখিল হইবার অনধিক ১৫ (পনেরো) দিনের মধ্যে সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করিয়া আবেদন নিষ্পত্তি করিবে এবং কোনো আবেদন অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ হইলে তাৎক্ষণিকভাবে কারণ উল্লেখপূর্বক আবেদনটি ফেরত প্রদান করিতে হইবে।

১২। **ড্রাইভিং লাইসেন্স নবায়ন আবেদন প্রত্যাখ্যান।**—ড্রাইভিং লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণের তারিখ হইতে ৩ (তিন) বৎসর অতিক্রান্ত হইলে উক্ত ড্রাইভিং লাইসেন্স নবায়ন সংক্রান্ত আবেদন প্রত্যাখ্যান করা যাইবে:

তবে শর্ত থাকে যে, যুক্তিসঙ্গত কারণ থাকিলে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ দক্ষতা যাচাই করিয়া নবায়নের বিষয়টি পুনঃবিবেচনা করিয়া লাইসেন্সটি নবায়ন করিতে পারিবে।

১৩। **ড্রাইভিং লাইসেন্সের ঠিকানা পরিবর্তন।**—(১) কোনো ব্যক্তি ড্রাইভিং লাইসেন্সে উল্লিখিত ঠিকানা পরিবর্তন করিলে, পরিবর্তিত ঠিকানা লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের অধিক্ষেত্রের অধীন হইলে, তিনি উক্ত ঠিকানা পরিবর্তনের বিষয়টি অবহিত করিয়া অনধিক ৩ (তিন) মাসের মধ্যে তফসিল-১ এ বর্ণিত ফি প্রদান সাপেক্ষে এবং ফরম-৫ অনুযায়ী উক্ত লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের নিকট লিখিতভাবে অথবা ইলেকট্রনিক মাধ্যমে রেকর্ডভুক্তির জন্য আবেদন করিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন প্রাপ্ত আবেদন বা অবহিতপত্র প্রাপ্তির পর লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ, প্রয়োজনে, নূতন ঠিকানার বিদ্যুৎ বিল বা টেলিফোন বিল বা জন্ম রেজিস্ট্রেশন সনদ বা জাতীয় পরিচয়পত্র বা পাসপোর্টের সত্যায়িত অনুলিপি গ্রহণের মাধ্যমে উক্ত ঠিকানা যাচাইপূর্বক নিশ্চিত হইতে পারিবে এবং তদনুযায়ী উক্তরূপ নূতন ঠিকানা সংশ্লিষ্ট ড্রাইভিং লাইসেন্সের বিপরীতে রেজিস্টারে রেকর্ডভুক্ত করিবে।

(৩) কর্তৃপক্ষ উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর অনধিক ১ (এক) মাসের মধ্যে উক্ত ব্যক্তির অনুকূলে ইতঃপূর্বে প্রদত্ত ড্রাইভিং লাইসেন্স জমা রাখিয়া পুরাতন লাইসেন্স নম্বরের বিপরীতে নূতন ঠিকানা সংবলিত ড্রাইভিং লাইসেন্স প্রদান করিবে।

১৪। **ড্রাইভিং লাইসেন্সের সংযোজন।**—(১) অপেশাদার ড্রাইভিং লাইসেন্স সংক্রান্ত মোটর সাইকেল, হালকা মোটরযান, বিশেষ ধরনের মোটরযান ও প্রতিবন্ধী বান্ধব মোটরযান ব্যতীত অন্য কোনো শ্রেণির মোটরযান সংযোজন বা অন্তর্ভুক্ত করা যাইবে না।

(২) হালকা মোটরযান চালাইবার পেশাদার ড্রাইভিং লাইসেন্সধারী কোনো চালকের কমপক্ষে ১ (এক) বৎসরের অভিজ্ঞতা না থাকিলে মধ্যম বা কমপক্ষে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা না থাকিলে ভারী মোটরযান চালাইবার ড্রাইভিং লাইসেন্সের জন্য আবেদন করিতে পারিবেন না।

(৩) মধ্যম মোটরযান চালাইবার পেশাদার ড্রাইভিং লাইসেন্সধারী চালকের কমপক্ষে ১ (এক) বৎসরের অভিজ্ঞতা না থাকিলে ভারী মোটরযান চালাইবার ড্রাইভিং লাইসেন্সের জন্য আবেদন করিতে পারিবেন না।

(৪) সরকার কর্তৃক নির্ধারিত কর্মসূচি বা গৃহীত প্রকল্পের অধীন ভারী মোটরযান চালাইবার ড্রাইভিং প্রশিক্ষণপ্রাপ্ত ১ (এক) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হালকা পেশাদার ড্রাইভিং লাইসেন্সধারী প্রার্থীগণ ভারী মোটরযান চালাইবার ড্রাইভিং লাইসেন্সের জন্য আবেদন করিতে পারিবেন এবং এইক্ষেত্রে প্রার্থীর বয়স সর্বনিম্ন ২৩ (তেইশ) বৎসর হইতে হইবে।

(৫) বিদ্যমান ড্রাইভিং লাইসেন্সে মোটরযানের শ্রেণি বা ধরন সংযোজন, পরিবর্তন বা সংশোধনের নিমিত্ত তফসিল-১ এ বর্ণিত ফি প্রদান করিতে হইবে।

(৬) ড্রাইভিং লাইসেন্সে মোটরযানের ধরন সংযোজন বা পরিবর্তনের জন্য আবেদনকারীকে শিক্ষানবিশ ড্রাইভিং লাইসেন্স গ্রহণপূর্বক বিধি ৮ এ বর্ণিত দক্ষতা যাচাই পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে।

১৫। **ড্রাইভিং লাইসেন্সের শ্রেণি পরিবর্তন।**—(১) অপেশাদার ড্রাইভিং লাইসেন্স হইতে পেশাদার ড্রাইভিং লাইসেন্স অথবা পেশাদার ড্রাইভিং লাইসেন্স হইতে অপেশাদার ড্রাইভিং লাইসেন্সে পরিবর্তন করিবার ক্ষেত্রে লাইসেন্সধারীকে ড্রাইভিং লাইসেন্সের বিবরণসহ ফরম-৪(খ) এর সংশ্লিষ্ট অংশ পূরণপূর্বক ড্রাইভিং লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে হইবে।

(২) অপেশাদার ড্রাইভিং লাইসেন্স হইতে পেশাদার ড্রাইভিং লাইসেন্সে পরিবর্তন করিবার ক্ষেত্রে আবেদনকারীকে দক্ষতা যাচাই কমিটি কর্তৃক গৃহীত তফসিল-২(খ) অংশে বর্ণিত পেশাদার চালকদের জন্য নির্ধারিত অতিরিক্ত বিষয়ে লিখিত পরীক্ষায় কৃতকার্য হইতে হইবে।

(৩) ড্রাইভিং লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ বিধি ৯ এর উপ-বিধি (২) এ বর্ণিত পদ্ধতি অনুসরণপূর্বক কৃতকার্য প্রার্থীর অপেশাদার ড্রাইভিং লাইসেন্সকে পেশাদার লাইসেন্সে পরিবর্তন করিবার ব্যবস্থা গ্রহণ করিবে।

(৪) পেশাদার ড্রাইভিং লাইসেন্স হইতে অপেশাদার ড্রাইভিং লাইসেন্স পরিবর্তন করিবার ক্ষেত্রে আবেদনকারীকে কোনো পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে না।

১৬। **ড্রাইভিং লাইসেন্সের প্রতিলিপি ইস্যুকরণ।**—(১) ড্রাইভিং লাইসেন্স হারাইয়া গেলে বা নষ্ট হইলে লাইসেন্সের প্রতিলিপি উত্তোলনের জন্য লাইসেন্সধারী ক্ষেত্রমত, ফরম-৪(খ) অনুযায়ী বা ইলেকট্রনিক মাধ্যমে তফসিল-১ এ বর্ণিত ফিসহ লাইসেন্সের বিবরণাদি উল্লেখপূর্বক যে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ কর্তৃক লাইসেন্স ইস্যু করা হইয়াছে অথবা উহা সর্বশেষ রেকর্ডভুক্ত করা হইয়াছে উক্ত এলাকার লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ বরাবর আবেদনপত্র দাখিল করিবেন।

(২) লাইসেন্স হারানোর ক্ষেত্রে তৎমর্মে সংশ্লিষ্ট থানায় জিডি এন্ট্রি থাকিতে হইবে এবং উহার একটি অনুলিপি আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।

(৩) আবেদনপত্র সঠিক বিবেচিত হইলে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ আবেদনকারীকে তাৎক্ষণিকভাবে একটি প্রাপ্তিস্বীকার রসিদ প্রদান করিবে এবং আবেদনপত্র গ্রহণের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ড্রাইভিং লাইসেন্স প্রদান করিবে।

১৭। **গণপরিবহণ চালাইবার অনুমতিপত্র (পিটিএ), ইত্যাদি।**—(১) গণপরিবহণ চালাইবার জন্য, ধারা ৫ এর বিধান মোতাবেক, প্রত্যেক চালককে তাহার ড্রাইভিং লাইসেন্সের অতিরিক্ত হিসাবে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের নিকট হইতে ফরম-৬ এ বর্ণিত অনুমতিপত্র গ্রহণ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত অনুমতিপত্রের জন্য ফরম-৭ অনুযায়ী আবেদন করিতে হইবে এবং উহার সহিত নিম্নবর্ণিত দলিলাদি সংযুক্ত করিতে হইবে, যথা:—

(ক) হালনাগাদ ড্রাইভিং লাইসেন্সের অনুলিপি;

(খ) নিয়োগকারী কর্তৃক প্রদত্ত অভিজ্ঞতা সনদপত্র ও নিয়োগপত্র;

(গ) তফসিল-১ এ বর্ণিত প্রযোজ্য ফি পরিশোধের প্রমাণপত্র।

(৩) অনুমতিপত্রের জন্য আবেদনের পূর্বে প্রার্থীর হালকা মোটরযান চালাইবার অন্যূন ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে এবং এই সংক্রান্ত প্রমাণপত্র আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।

(৪) প্রার্থীকে তফসিল-৩ এ বর্ণিত বিষয়াদির পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে এবং তফসিল-২(গ) এ বর্ণিত গণপরিবহণ চালাইবার দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে জ্ঞাত থাকিতে হইবে:

তবে শর্ত থাকে যে, যে সকল প্রার্থীর ভারী মোটরযান চালাইবার লাইসেন্স এবং অন্যূন ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা রহিয়াছে তাহাকে উক্ত পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে না।

(৫) আবেদনপত্র সঠিক পাওয়া গেলে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ, পরিদর্শকের নিম্নে নহেন বাংলাদেশ পুলিশের এইরূপ ১ (এক) জন প্রতিনিধি ও মোটরযান পরিদর্শকের সমন্বয়ে গঠিত ৩ (তিন) সদস্যের কমিটি প্রার্থীর যোগ্যতা যাচাই করিবে।

(৬) যোগ্যতা যাচাই পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীর অনুকূলে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ গণপরিবহণ চালাইবার অনুমতিপত্র প্রদান করিবে।

(৭) গণপরিবহণে দায়িত্ব পালনকালে চালক অনুমতিপত্র সংরক্ষণ করিবেন এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক চাহিবামাত্র উহা প্রদর্শন করিবেন।

১৮। **শারীরিক প্রতিবন্ধী ব্যক্তির লাইসেন্স প্রাপ্তির সামর্থ্য যাচাই পদ্ধতি।**- আইনে বর্ণিত একজন শারীরিক প্রতিবন্ধী ব্যক্তি নিম্নবর্ণিত শারীরিক সীমাবদ্ধতা থাকিলে প্রতিবন্ধীবান্ধব মোটরযান চালাইবার ড্রাইভিং লাইসেন্স পাইবার জন্য আবেদন করিতে পারিবেন এবং এইক্ষেত্রে ড্রাইভিং দক্ষতা যাচাই কমিটি এই মর্মে সন্তুষ্ট হইবেন যে আবেদনকারী—

(ক) প্রতিবন্ধীবান্ধব মোটরযান চালাইবার উপযুক্ত;

(খ) বিকলাঙ্গ বা অঙ্গহীন হইলেও প্রতিবন্ধীবান্ধব মোটরযান চালাইবার জন্য সক্ষম; এবং

(গ) শ্রবণশক্তি সীমিত হইলেও শ্রবণযন্ত্র ব্যবহার করিয়া সাধারণ শব্দ সংকেত শুনিতে পারেন এবং প্রতিবন্ধীবান্ধব মোটরযান চালাইতে সক্ষম।

১৯। **ড্রাইভিং লাইসেন্স স্থগিত, প্রত্যাহার বা বাতিলকরণ পদ্ধতি, ইত্যাদি।**—(১) কর্তৃপক্ষ বা লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ কোনো ব্যক্তির ড্রাইভিং লাইসেন্স স্থগিত করিতে পারিবে যদি উহার নিকট প্রতীয়মান হয় বা বিশ্বাস করিবার যুক্তিসঙ্গত কারণ থাকে যে, অথবা কর্তৃপক্ষ বা লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ যদি ক্ষমতাপ্রাপ্ত কর্মচারী কর্তৃক অভিযোগ প্রাপ্ত হয় যে, কোনো লাইসেন্সধারী ব্যক্তি—

(ক) অসুস্থ;

(খ) কোনো কারণে, মোটরযান চালাইতে অযোগ্য বা অক্ষম;

(গ) বেপরোয়া ও বিপজ্জনকভাবে মোটরযান চালনা করিয়াছেন;

(ঘ) অনিরাপদ অবস্থায় মোটরযান চালনা করিয়াছেন;

(ঙ) এখতিয়ারসম্পন্ন কোনো ব্যক্তি বা কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী মোটরযান থামাইতে ব্যর্থ হইয়াছেন;

(চ) রেজিস্ট্রেশন বিহীন মোটরযান চালনা করিয়াছেন;

(ছ) হালনাগাদ ফিটনেস সার্টিফিকেট বা, ক্ষেত্রমত, রুট পারমিট ব্যতীত মোটরযান চালনা করিয়াছেন;

(জ) অনুমোদনযোগ্য গতিসীমা, ওজনসীমা বা আসন সংখ্যা অতিক্রম করিয়া মোটরযান চালনা করিয়াছেন;

(ঝ) ট্রাফিক সংকেত বা চিহ্ন অমান্য করিয়া মোটরযান চালনা করিয়াছেন;

(ঞ) ঝুঁকিপূর্ণভাবে ওভারটেকিং করিয়া মোটরযান চালনা করিয়াছেন;

(ট) ড্রাইভিং লাইসেন্স ব্যতীত কিংবা মেয়াদোত্তীর্ণ ড্রাইভিং লাইসেন্সসহ কিংবা যে মোটরযানের জন্য যে শ্রেণির লাইসেন্স প্রয়োজন উহা ব্যতীত মোটরযান চালনা করিয়াছেন;

(ঠ) নির্ধারিত স্থান বা স্টপেজ ব্যতীত ভিন্ন স্থানে মোটরযান থামাইয়াছেন;

(ড) সড়ক বা মহাসড়কে মোটরযান চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি করিয়াছেন;

(ঢ) আইন বহির্ভূত কাজে মোটরযান ব্যবহার করিয়াছেন; বা

(ণ) সরকার বা কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় জারীকৃত কোনো আদেশ, পরিপত্র বা নীতিমালা লঙ্ঘন করিয়াছেন।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত কারণে কোনো ব্যক্তি অভিযুক্ত হইলে উক্ত অভিযুক্ত ব্যক্তিকে আত্মপক্ষ সমর্থনের নিমিত্ত বক্তব্য প্রদানের জন্য ফরম-৮ এ বর্ণিত নোটিশ প্রদান করিতে হইবে।

(৩) নোটিশ প্রাপ্তির ৭ (সাত) কর্মদিবসের মধ্যে অভিযুক্ত ব্যক্তির লিখিত জবাব বা বক্তব্য প্রদানের সুযোগ দানের পর শুনানিঅন্তে অভিযোগ প্রমাণিত হইলে কর্তৃপক্ষ বা লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ তাহার ড্রাইভিং লাইসেন্সটি স্থগিত করিতে পারিবে।

(৪) লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ স্থগিতের বিষয়টি সংশ্লিষ্ট রেজিস্টারে লিপিবদ্ধ করিয়া অভিযুক্ত ব্যক্তিকে লিখিত বা ইলেকট্রনিক মাধ্যমে অবহিত করিবে এবং লাইসেন্স স্থগিতের-

(ক) মেয়াদ হইবে সর্বোচ্চ ১ (এক) বৎসর;

(খ) মেয়াদ অতিক্রান্ত হইবার পর লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ উক্ত স্থগিতাদেশ প্রত্যাহার করিতে পারিবে; এবং

(গ) সংশ্লিষ্ট ব্যক্তির ড্রাইভিং লাইসেন্সটি ড্রাইভিং লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের নিকট সমর্পণ করিতে হইবে।

(৫) কর্তৃপক্ষ বা লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ কোনো ব্যক্তির ড্রাইভিং লাইসেন্স প্রত্যাহার বা বাতিল করিতে পারিবে যদি উহার নিকট প্রতীয়মান হয় বা বিশ্বাস করিবার যুক্তিসঙ্গত কারণ থাকে যে, অথবা কর্তৃপক্ষ বা লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ যদি ক্ষমতাপ্রাপ্ত কর্মচারী কর্তৃক অভিযোগ প্রাপ্ত হয় যে, কোনো লাইসেন্সধারী ব্যক্তি—

(ক) আমলযোগ্য অপরাধ সংঘটনের জন্য মোটরযান ব্যবহার করিয়াছেন;

(খ) অপ্রকৃতিস্থ অথবা শারীরিক বা মানসিকভাবে অক্ষম;

(গ) মাদকাসক্ত;

(ঘ) অভ্যাসগত অপরাধী;

(ঙ) দোষসূচক পয়েন্ট কর্তনের ফলে ড্রাইভিং লাইসেন্সের বিপরীতে বরাদ্দকৃত ১২ (বার) পয়েন্ট হারাইয়াছেন;

(চ) ৩ (তিন) বার ড্রাইভিং লাইসেন্স স্থগিতাদেশ প্রাপ্ত হইয়াছেন।

(৬) উপ-বিধি (৫) এ বর্ণিত কারণে কোনো ব্যক্তি অভিযুক্ত হইলে উক্ত অভিযুক্ত ব্যক্তিকে আত্মপক্ষ সমর্থনের নিমিত্ত বক্তব্য প্রদানের জন্য ফরম-৮ এ বর্ণিত নোটিশ প্রদান করিতে হইবে।

(৭) নোটিশ প্রাপ্তির ৭ (সাত) কর্মদিবসের মধ্যে অভিযুক্ত ব্যক্তির লিখিত জবাব বা মৌখিক বক্তব্য প্রদানের সুযোগ দানের পর শুনানিঅন্তে অভিযোগ প্রমাণিত হইলে কর্তৃপক্ষ বা লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ ড্রাইভিং লাইসেন্সধারী ব্যক্তিকে অযোগ্য ঘোষণাপূর্বক তাহার ড্রাইভিং লাইসেন্সটি প্রত্যাহার বা বাতিল করিতে পারিবে।

(৮) লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ ড্রাইভিং লাইসেন্স প্রত্যাহার বা বাতিলের বিষয়টি সংশ্লিষ্ট রেজিস্টারে লিপিবদ্ধ করিয়া অভিযুক্ত ব্যক্তিকে লিখিতভাবে বা ইলেকট্রনিক মাধ্যমে অবহিত করিবে।

(৯) ড্রাইভিং লাইসেন্স বাতিলের পর সংশ্লিষ্ট ব্যক্তির ড্রাইভিং লাইসেন্সটি ড্রাইভিং লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের নিকট সমর্পণ করিতে হইবে এবং ড্রাইভিং লাইসেন্স বাতিলের ক্ষেত্রে ১ (এক) বৎসর অতিক্রান্ত না হইলে সংশ্লিষ্ট ব্যক্তি নূতন ড্রাইভিং লাইসেন্সের জন্য আবেদন করিতে পারিবেন না।

(১০) এই বিধির অধীন লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের আদেশ দ্বারা কেহ সংক্ষুব্ধ হইলে তিনি আদেশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে যেই লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ লাইসেন্স স্থগিত, প্রত্যাহার বা বাতিল করিয়াছে তাহার নিকট ফরম-৯ এ পুনর্বিবেচনার জন্য আবেদন করিতে পারিবেন।

(১১) উপ-বিধি (১০) এ বর্ণিত লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ শুনানি গ্রহণের নিমিত্ত আবেদনকারীকে আবেদন প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে নোটিশ প্রদান করিবে।

(১২) লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ শুনানিঅন্তে অনুসন্ধানের প্রয়োজন হইলে অনুসন্ধানপূর্বক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে পুনর্বিবেচনার আবেদনটি নিষ্পত্তি করিবে এবং আবেদনকারীকে বিষয়টি লিখিতভাবে বা ইলেকট্রনিক মাধ্যমে অবহিত করিবে এবং তাহার পূর্বের লাইসেন্স পুনরুজ্জীবিত করিয়া তাহাকে হস্তান্তর করিবে।

২০। **পয়েন্ট বরাদ্দ, কর্তন, হ্রাস-বৃদ্ধি, ইত্যাদি।**—(১) শিক্ষানবিশ ড্রাইভিং লাইসেন্স ব্যতীত, কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ড্রাইভিং লাইসেন্সের বিপরীতে ধারা ১১ এর উপ-ধারা (১) এর অধীন বরাদ্দকৃত ১২ (বারো) পয়েন্ট হইতে আইন ও তফসিল-৪ এর অধীন বর্ণিত অপরাধ সংগঠনের কারণে দোষসূচক পয়েন্ট হিসাবে কর্তনযোগ্য হইবে যাহা ইলেকট্রনিক পদ্ধতিতে সংরক্ষণ করিতে হইবে।

(২) কোনো চালক কর্তৃক আইন ও তফসিল-৪ এ বর্ণিত অপরাধ সংঘটিত হইলে উহার স্থির বা ভিডিও চিত্র সংগ্রহ করিয়া বা অন্যরূপভাবে অপরাধ সংঘটনের প্রমাণ সংরক্ষণ করিতে হইবে।

৩) সংশ্লিষ্ট অপরাধের জন্য কর্তৃপক্ষের মোটরযান পরিদর্শকের নিম্নে নহে এইরূপ কর্মচারী, পুলিশের সাব-ইন্সপেক্টর বা সার্জেন্ট পদমর্যাদার নিম্নে নয় এইরূপ কর্মচারী বা ভ্রাম্যমাণ আদালত পরিচালনাকারী নির্বাহী ম্যাজিস্ট্রেট তফসিল-৪ এ বর্ণিত দোষসূচক পয়েন্ট কর্তন করিয়া তাৎক্ষণিকভাবে মোটরযান চালককে এবং সংশ্লিষ্ট লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষকে অবহিত করিবেন।

(৪) লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ উপ-বিধি (৩) এর অধীন অবহিত হইবার পর দোষসূচক পয়েন্ট কর্তনের বিষয়টি রেকর্ডভুক্ত করিবে এবং সংশ্লিষ্ট মোটরযানের চালককে বিষয়টি অবহিত করিবে।

(৫) সংশ্লিষ্ট মোটরযানের চালক দোষসূচক পয়েন্ট কর্তন সম্পর্কে অবহিত হইবার অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উহা পুনর্বিবেচনার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট ফরম-১০ অনুযায়ী, তফসিল-১ এ বর্ণিত ফি পরিশোধপূর্বক আবেদন করিতে পারিবে।

(৬) দোষসূচক পয়েন্ট কর্তনকারী কর্তৃপক্ষ উপ-বিধি (৫) এর অধীন প্রাপ্ত আবেদনের বিষয়টি পর্যালোচনা করিয়া ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উক্ত দোষসূচক পয়েন্ট কর্তন হইতে আবেদনকারীকে অব্যাহতি প্রদান করিতে বা উহা বহাল রাখিয়া আবেদনটি নিষ্পত্তি করিতে পারিবে।

(৭) দোষসূচক পয়েন্ট কর্তনের পর সংশ্লিষ্ট লাইসেন্সধারী ব্যক্তি পরবর্তী ৬ (ছয়) মাসের মধ্যে পুনরায় আইন বা তফসিল-৪ এর অধীন কোনো অপরাধ সংঘটন না করিলে বা দোষী সাব্যস্ত না হইলে তাহার আবেদনের পরিপ্রেক্ষিতে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ প্রতি ৬ (ছয়) মাস পরপর কর্তনকৃত দোষসূচক পয়েন্ট হইতে ২ (দুই) পয়েন্ট করিয়া পুনরুদ্ধারপূর্বক বরাদ্দকৃত পয়েন্টে সংযোজন করিতে পারিবে।

(৮) সর্বমোট ৮ (আট) পয়েন্ট কর্তনকৃত হইলে পরবর্তী ২ (দুই) বৎসরের মধ্যে তাহার কর্তনকৃত পয়েন্ট পুনরুদ্ধারের কোনো আবেদন গ্রহণযোগ্য হইবে না।

(৯) পয়েন্ট কর্তনের জন্য কোনো ড্রাইভিং লাইসেন্স বাতিলকরণের প্রয়োজন হইলে সেই ক্ষেত্রে বিধি ১৯ এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে।

২১। **বিদেশি নাগরিকদের ড্রাইভিং লাইসেন্স।**—(১) কোনো বিদেশি নাগরিক বাংলাদেশে মোটরযান চালাইবার জন্য নিজ দেশের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট পৃষ্ঠাঙ্কন করিবার জন্য ফরম-৪(ক) অনুযায়ী আবেদন করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত আবেদনপত্রের সহিত পাসপোর্ট ও ভিসার কপি এবং পররাষ্ট্র মন্ত্রণালয়, দূতাবাস, কূটনৈতিক মিশন বা প্রযোজ্য ক্ষেত্রে স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সুপারিশ এবং বিদেশি ড্রাইভিং লাইসেন্সটি বাংলা বা ইংরেজি ভিন্ন অন্য ভাষায় হইলে ইংরেজি অনুবাদের কপি সংযুক্ত করিতে হইবে।

(৩) কর্তৃপক্ষ আবেদনপত্র প্রাপ্তির পর আবেদনকারীর নিজ দেশের ড্রাইভিং লাইসেন্সের মেয়াদে একটি নূতন ড্রাইভিং লাইসেন্স প্রদান করিবে।

(৪) উপ-বিধি (৩) এর অধীন প্রাপ্ত ড্রাইভিং লাইসেন্সের মেয়াদ শেষে উক্ত লাইসেন্স নবায়নযোগ্য হইবে না তবে, উপ-বিধি (৫) অনুসরণ করিয়া নূতন লাইসেন্স গ্রহণ করিতে পারিবেন।

(৫) কোনো বিদেশি নাগরিক, যাহার কোনো ড্রাইভিং লাইসেন্স নাই, তিনি বাংলাদেশে মোটরযান চালাইবার জন্য কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে পারিবেন এবং কর্তৃপক্ষ বিধি ৬, ৮ ও ৯ অনুসরণ করিয়া ড্রাইভিং লাইসেন্স প্রদান বা উক্ত আবেদন প্রত্যাখ্যান করিবে।

(৬) বিদেশি নাগরিকদের ড্রাইভিং লাইসেন্স প্রদানের ক্ষেত্রে তফসিল-১ এ বর্ণিত ফি গ্রহণ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, উপ-বিধি (৭) এ বর্ণিত বিদেশি নাগরিকদের ক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্স ইস্যু ও নবায়ন ফি প্রযোজ্য হইবে না।

(৭) বাংলাদেশে অবস্থিত বিদেশি কূটনৈতিক মিশনের (যথা-দূতাবাস, লিগেশন এবং হাইকমিশনের কূটনৈতিক ও অকূটনৈতিক) ব্যক্তিবর্গ ড্রাইভিং দক্ষতা যাচাই পরীক্ষা হইতে অব্যাহতিপ্রাপ্ত হইবেন:

তবে শর্ত থাকে যে, মিশনে কর্মরত বাংলাদেশি নাগরিকদের জন্য এই সুবিধা প্রযোজ্য হইবে না।

২২। **লাইসেন্সধারীকে অযোগ্য ঘোষণা বা স্থগিত, প্রত্যাহার বা বাতিলকৃত ড্রাইভিং লাইসেন্স রেকর্ডভুক্তকরণ।**—বিধি ১৯ অনুযায়ী কোনো ড্রাইভিং লাইসেন্সধারীকে অযোগ্য ঘোষণা বা তাহার ড্রাইভিং লাইসেন্স স্থগিত, প্রত্যাহার বা বাতিল করা হইলে তাহা লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত ড্রাইভিং লাইসেন্স ইস্যু রেজিস্টারে লিপিবদ্ধ করিতে হইবে বা ইলেকট্রনিক্স ডাটাবেজে সংরক্ষণ করিতে হইবে।

## তৃতীয় অধ্যায়

## কন্ডাক্টর বা সুপারভাইজার লাইসেন্স

২৩। **কন্ডাক্টর বা সুপারভাইজার লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ।**―(১) কন্ডাক্টর বা সুপারভাইজারের লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ হইবে কর্তৃপক্ষের সংশ্লিষ্ট অধিক্ষেত্রের উপ-পরিচালক (ইঞ্জিনিয়ারিং) বা সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং) বা কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত অন্য কোনো কর্মচারী।

(২) কর্তৃপক্ষ প্রয়োজনে একই অধিক্ষেত্রের মধ্যে একাধিক কর্মচারীকে কন্ডাক্টর বা সুপারভাইজারের লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ হিসাবে ক্ষমতা প্রদান করিতে পারিবে।

২৪। **কন্ডাক্টর বা সুপারভাইজার লাইসেন্স মঞ্জুরের শর্ত।**―কোনো ব্যক্তি এই বিধিমালার অধীন প্রযোজ্য অন্যান্য বিধান প্রতিপালন সাপেক্ষ নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন বা তথ্যাদি উপস্থাপন সাপেক্ষে কন্ডাক্টর বা সুপারভাইজার লাইসেন্স পাইবেন, যথা:―

(ক) বয়স অন্যূন ২০ (বিশ) বৎসর;

(খ) কন্ডাকটরের ক্ষেত্রে প্রাথমিক স্কুল সার্টিফিকেট বা পঞ্চম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সুপারভাইজারের ক্ষেত্রে অন্যূন অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;

(গ) ফরম-১১ অনুযায়ী মেডিকেল সার্টিফিকেট;

(ঘ) দক্ষতা যাচাই পরীক্ষায় উত্তীর্ণ;

(ঙ) জাতীয় পরিচয়পত্রের অনুলিপি;

(চ) ফি প্রদানের প্রমাণক হিসাবে জমা রসিদের কপি; এবং

(ছ) কর্তৃপক্ষ কর্তৃক চাহিত, প্রযোজ্য ক্ষেত্রে, অন্যান্য দলিলাদি।

২৫। **কন্ডাক্টর বা সুপারভাইজার লাইসেন্স মঞ্জুর।**―(১) বিধি ২৭ অনুযায়ী কোনো ব্যক্তি অযোগ্য না হইলে এবং সংশ্লিষ্ট সময়ে কন্ডাক্টর বা সুপারভাইজারের লাইসেন্স ধারণ বা গ্রহণ করিবার অযোগ্য না হইলে, তিনি যে এলাকায় বসবাস করেন বা ব্যবসা পরিচালনা করেন সেই এলাকার এখতিয়ার সম্পন্ন কন্ডাক্টর বা সুপারভাইজারের লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের নিকট কন্ডাক্টর বা সুপারভাইজার লাইসেন্স প্রদানের জন্য লিখিতভাবে অথবা ইলেকট্রনিক মাধ্যমে আবেদন করিতে পারিবেন।

(২) কন্ডাক্টর বা সুপারভাইজার লাইসেন্সের জন্য আবেদনকারীকে ফরম-১২ অনুযায়ী আবেদন করিতে হইবে এবং আবেদনকারী কর্তৃক ফরমে চাহিত প্রয়োজনীয় তথ্যসমূহ অবশ্যই প্রদান করিতে হইবে।

(৩) কন্ডাক্টর বা সুপারভাইজার লাইসেন্সের জন্য আবেদনপত্রের সহিত ফরম-১১ অনুযায়ী মেডিকেল সার্টিফিকেট দাখিল করিতে হইবে।

(৪) কন্ডাক্টর বা সুপারভাইজার লাইসেন্স প্রদান এবং নবায়নের ক্ষেত্রে তফসিল-১ এ বর্ণিত ফি প্রদান করিতে হইবে।

(৫) ফরম-১৩(ক) অনুযায়ী কন্ডাক্টর লাইসেন্স এবং ফরম-১৩(খ) অনুযায়ী সুপারভাইজার লাইসেন্স ইস্যু করিতে হইবে।

(৬) কন্ডাক্টর বা সুপারভাইজার লাইসেন্সের মেয়াদ হইবে সর্বোচ্চ ৫ (পাঁচ) বৎসর।

২৬। **কন্ডাক্টর বা সুপারভাইজার লাইসেন্স নবায়ন, প্রতিলিপি ইত্যাদি।**—(১) কন্ডাক্টর বা সুপারভাইজারের লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণের ৩০ (ত্রিশ) দিন পূর্বে ফরম-১২ মোতাবেক নবায়নের জন্য সংশ্লিষ্ট কন্ডাক্টর বা সুপারভাইজার লাইসেন্স ইস্যুকারী কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে হইবে।

(২) মেয়াদ উত্তীর্ণের ১৫ (পনেরো) দিন পর আবেদন করিলে মূল ফি এর সহিত প্রতি বৎসর বা উহার অংশের জন্য বার্ষিক ফি এর শতকরা ২৫ (পঁচিশ) ভাগ অতিরিক্ত ফি হিসাবে আদায়যোগ্য হইবে।

(৩) কন্ডাক্টর বা সুপারভাইজার লাইসেন্স হারাইয়া গেলে বা নষ্ট হইলে প্রতিলিপি উত্তোলনের জন্য লাইসেন্সধারী ফরম-১২ অনুযায়ী বা, ক্ষেত্রমত, ইলেকট্রনিক মাধ্যমে তফসিল-১ এ বর্ণিত ফিসহ লাইসেন্সের বিবরণাদি উল্লেখপূর্বক যে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ কর্তৃক লাইসেন্স ইস্যু করা হইয়াছে অথবা উহা সর্বশেষ রেকর্ডভুক্ত করা হইয়াছে সেই এলাকার লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ বরাবর আবেদনপত্র দাখিল করিবেন।

(৪) হারাইয়া যাওয়া লাইসেন্সের ক্ষেত্রে তৎমর্মে সংশ্লিষ্ট থানায় জিডি এন্ট্রি থাকিতে হইবে এবং উহার একটি অনুলিপি আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।

২৭। **কন্ডাক্টর বা সুপারভাইজার লাইসেন্স মঞ্জুরের ক্ষেত্রে অযোগ্যতা।**—(১) ২০ (বিশ) বৎসরের কম বয়স্ক কোনো ব্যক্তি কন্ডাক্টর বা সুপারভাইজার লাইসেন্স ধারণ করিতে পারিবে না বা অনুরূপ কোনো ব্যক্তিকে কন্ডাক্টর বা সুপারভাইজারের লাইসেন্স মঞ্জুর করা যাইবে না।

(২) লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ নিম্নবর্ণিত ক্ষেত্রে কন্ডাক্টর বা সুপারভাইজার লাইসেন্স মঞ্জুর করিতে অস্বীকার করিতে পারিবে, যথা:—

(ক) যদি আবেদনকারীর প্রয়োজনীয় যোগ্যতা না থাকে;

(খ) আবেদনকারী কর্তৃক দাখিলকৃত চিকিৎসা সনদ হইতে যদি প্রতীয়মান হয় যে, সংশ্লিষ্ট ব্যক্তি কন্ডাক্টর বা সুপারভাইজার হিসাবে কাজ করিবার অনুপযুক্ত;

(গ) যদি আবেদনকারীকে ইতিপূর্বে প্রদত্ত কন্ডাক্টর বা সুপারভাইজার লাইসেন্স বা ড্রাইভিং লাইসেন্স প্রত্যাহার করা হইয়া থাকে; এবং

(ঘ) সংশ্লিষ্ট ব্যক্তির চরিত্র ও আচরণ যদি কন্ডাক্টর বা সুপারভাইজার লাইসেন্স ধারণের অনুপযুক্ত বলিয়া বিবেচিত হয়।

২৮। **কন্ডাক্টর বা সুপারভাইজার লাইসেন্সের জন্য দক্ষতা যাচাই।**—(১) সংশ্লিষ্ট অধিক্ষেত্রের কন্ডাক্টর বা সুপারভাইজার লাইসেন্স ইস্যুকারী কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত ১ (এক) জন মোটরযান পরিদর্শক কন্ডাক্টর বা সুপারভাইজার লাইসেন্সের জন্য দক্ষতা যাচাই পরীক্ষা গ্রহণ করিবেন।

(২) কন্ডাক্টর বা সুপারভাইজার লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ প্রার্থীর দক্ষতা যাচাইয়ের জন্য উপযুক্ত প্রার্থীদের তালিকা প্রণয়নপূর্বক সংশ্লিষ্ট মোটরযান পরিদর্শকের নিকট প্রেরণ করিবে।

(৩) কন্ডাক্টর বা সুপারভাইজার লাইসেন্সের দক্ষতা যাচাইয়ের নিমিত্ত মোটরযান পরিদর্শক এই মর্মে নিশ্চিত হইবেন যে,—

(ক) প্রার্থী যথাযথ পদ্ধতিতে আবেদন করিয়াছেন;

(খ) আবেদনকারী তফসিল-১ এ বর্ণিত যোগ্যতা যাচাই পরীক্ষা বাবদ ফি পরিশোধ করিয়াছেন;

(গ) আবেদনকারী শারীরিক ও মানসিক স্বাস্থ্যগত দিক হইতে উপযুক্ত;

(ঘ) আবেদনকারী বিকলাঙ্গ বা অঙ্গাহীনও নহে যাহা কন্ডাক্টর বা সুপারভাইজার হিসাবে তাহার কর্তব্য দক্ষতার সহিত সম্পাদন করিতে বাধাগ্রস্ত করে;

(ঙ) আবেদনকারী প্রাথমিক চিকিৎসার ব্যবহার সম্পর্কে জানেন;

(চ) তিনি কন্ডাক্টর বা সুপারভাইজারের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে আইন ও এই বিধিমালার বিধানাবলির বিষয়ে অবগত রহিয়াছেন।

(৪) মোটরযান পরিদর্শক দক্ষতা যাচাই পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের তালিকা সুপারিশ সহকারে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবেন।

২৯। **ব্যাধি, পঙ্গুত্ব বা অসদাচরণের দরুণ কন্ডাক্টর বা সুপারভাইজার এর লাইসেন্স প্রত্যাহার বা বাতিল।**—কন্ডাক্টর বা সুপারভাইজার লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ নিম্নবর্ণিত ক্ষেত্রে কারণ দর্শাইবার যুক্তিসঙ্গত সুযোগ প্রদান করিয়া যে কোনো সময় কোনো কন্ডাক্টর বা সুপারভাইজার লাইসেন্স প্রত্যাহার বা বাতিল করিতে পারিবে, যথা:—

(ক) যদি এইরূপ বিশ্বাস করিবার যুক্তিসঙ্গত কারণ থাকে যে, কন্ডাক্টর বা সুপারভাইজার লাইসেন্সধারী কোনো ব্যক্তি এইরূপ কোনো ব্যাধি বা পঙ্গুত্বে ভুগিতেছেন যাহার কারণে উক্ত ব্যক্তি কন্ডাক্টর বা সুপারভাইজার লাইসেন্স ধারণের অযোগ্য হইয়া পড়িতে পারেন;

(খ) কন্ডাক্টর বা সুপারভাইজার লাইসেন্সধারী কোনো ব্যক্তির চরিত্র ও আচরণ যদি এইরূপ হয় যে, সংশ্লিষ্ট ব্যক্তি কন্ডাক্টর বা সুপারভাইজার লাইসেন্স ধারণের অনুপযুক্ত বিবেচিত হইতে পারেন;

(গ) যদি কন্ডাক্টর বা সুপারভাইজার হিসাবে দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে পালন না করিয়া থাকেন।

৩০। **কন্ডাক্টর বা সুপারভাইজারের লাইসেন্স প্রদানে অস্বীকৃতি, ইত্যাদির আদেশ ও পুনর্বিবেচনার আবেদন।**—(১) কোনো কন্ডাক্টর বা সুপারভাইজার লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ যেইক্ষেত্রে কন্ডাক্টর বা সুপারভাইজারের লাইসেন্স প্রদান করিতে বা নবায়ন করিতে অস্বীকৃতি জ্ঞাপন করেন বা লাইসেন্স প্রত্যাহার করেন, সেইক্ষেত্রে কন্ডাক্টর বা সুপারভাইজার লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ লিখিত আদেশবলে উক্তরূপ অস্বীকৃতি জ্ঞাপন বা লাইসেন্স প্রত্যাহার করিবেন এবং আবেদনকারীকে বা লাইসেন্সধারীকে উক্তরূপ অস্বীকৃতির বা প্রত্যাহারের কারণ লিখিতভাবে অবহিত করিবেন।

(২) উপ-বিধি (১) অনুযায়ী প্রদত্ত কোনো আদেশ দ্বারা সংক্ষুব্ধ ব্যক্তি আদেশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট সিদ্ধান্ত পুনর্বিবেচনার জন্য আবেদন করিতে পারিবেন এবং কর্তৃপক্ষ উক্ত ব্যক্তিকে তাহার বক্তব্য পেশ করিবার সুযোগদানের পর পুনর্বিবেচনার আবেদনের বিষয়টি নিষ্পত্তি করিবেন এবং আবদেনকারীকে অবহিত করিবেন।

৩১। **কন্ডাক্টর বা সুপারভাইজার লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ কর্তৃক অযোগ্য ঘোষণা করিবার ক্ষমতা।**—(১) কন্ডাক্টর বা সুপারভাইজার লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ যদি এইরূপ অভিমতে উপনীত হয় যে, কন্ডাক্টর বা সুপারভাইজার হিসাবে কাহারও আচরণের দরুণ তাহাকে কন্ডাক্টর বা সুপারভাইজার লাইসেন্স ধারণ বা গ্রহণের অযোগ্য করা প্রয়োজন, তাহা হইলে কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া উক্ত ব্যক্তিকে একটি নির্দিষ্ট মেয়াদের জন্য কন্ডাক্টর বা সুপারভাইজার লাইসেন্স ধারণ বা গ্রহণের অযোগ্য ঘোষণা করিয়া আদেশ প্রদান করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন কোনো আদেশ প্রদত্ত হইবার পর কন্ডাক্টর বা সুপারভাইজার লাইসেন্সধারী ব্যক্তি অবিলম্বে আদেশদানকারী কর্তৃপক্ষের নিকট লাইসেন্স সমর্পণ করিবেন, যদি তাহা পূর্বেই সমর্পিত না হইয়া থাকে, এবং অযোগ্যতার আদেশের মেয়াদ উত্তীর্ণ না হওয়া পর্যন্ত কর্তৃপক্ষ উক্ত কন্ডাক্টর বা সুপারভাইজার লাইসেন্সটি হেফাজতে রাখিবে।

(৩) উপ-বিধি (১) অনুযায়ী প্রদত্ত কোনো আদেশ দ্বারা সংক্ষুব্ধ ব্যক্তি আদেশ প্রাপ্তির পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নির্ধারিত কর্তৃপক্ষের নিকট সিদ্ধান্ত পুনর্বিবেচনার জন্য আবেদন করিতে পারিবেন এবং কর্তৃপক্ষ উক্ত ব্যক্তিকে তাহার বক্তব্য পেশ করিবার সুযোগদানের পর পুনর্বিবেচনার আবেদন নিষ্পত্তি করিবেন এবং আবেদনকারীকে অবহিত করিবেন।

৩২। **গণপরিবহণে চালক অথবা কন্ডাক্টর বা সুপারভাইজার নিয়োগ।**—(১) চালক নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট শ্রেণির মোটরযান চালাইবার ড্রাইভিং লাইসেন্স ও গণপরিবহণ চালাইবার অনুমতিপত্র (পিটিএ) এবং কন্ডাক্টর বা সুপারভাইজার নিয়োগের ক্ষেত্রে কন্ডাক্টর বা সুপারভাইজার লাইসেন্স থাকিতে হইবে।

(২) নিয়োগকারী কর্তৃক ফরম-১৪ অনুযায়ী নিয়োগপত্র এবং ফরম-১৫ অনুযায়ী পরিচয়পত্র প্রদান করিতে হইবে এবং উভয়পক্ষের মধ্যে ফরম-১৬ অনুযায়ী চুক্তিপত্র সম্পাদন করিতে হইবে।

(৩) গণপরিবহণে চালক, কন্ডাক্টর বা সুপারভাইজার নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তির ডোপ টেস্ট সনদ থাকিতে হইবে।

(৪) বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) অনুযায়ী নির্ধারিত বেতন ও আর্থিক সুবিধাদি প্রদান করিতে হইবে।

(৫) নির্ধারিত কর্মঘণ্টা (এক টানা পাঁচ ঘণ্টার বেশি নহে, অন্যূন আধা-ঘণ্টা বিশ্রাম দিয়ে পুনরায় তিন ঘণ্টা অর্থাৎ একদিনে আট ঘণ্টার বেশি নহে এবং সপ্তাহে আটচল্লিশ ঘণ্টার বেশি নহে) অনুযায়ী গণপরিবহণে দায়িত্ব পালন করিতে হইবে।

## চতুর্থ অধ্যায়

## মোটরযান রেজিস্ট্রেশন, মালিকানা পরিবর্তন, ফিটনেস, ইত্যাদি

৩৩। **মোটরযান রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ**।—মোটরযান রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ হইবে কর্তৃপক্ষের সংশ্লিষ্ট অধিক্ষেত্রের উপ-পরিচালক (ইঞ্জিনিয়ারিং) বা সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং) বা কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত অন্য কোনো কর্মচারী তবে, কর্তৃপক্ষ প্রয়োজনে একই অধিক্ষেত্রের মধ্যে একাধিক কর্মচারীকে মোটরযান রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ হিসাবে দায়িত্ব প্রদান করিতে পারিবে।

৩৪। **মোটরযান রেজিস্ট্রেশন পদ্ধতি**।—(১) ধারা ১৬ এর অধীন মোটরযান রেজিস্ট্রেশনের জন্য আবেদনকারী ফরম-১৭ অনুযায়ী আবেদন করিবেন এবং আবেদনপত্রের সহিত তফসিল-৮ এ বর্ণিত দলিলসমূহ দাখিল করিবে।

(২) আবেদন প্রাপ্তির পর রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ আবেদনকারীকে তদসম্পর্কে প্রাপ্তি স্বীকারপত্র প্রদান করিবে এবং আবেদনটি মোটরযান রেজিস্ট্রেশন বহি অথবা ইলেকট্রনিক মাধ্যমে এন্ট্রি করিবে এবং উহাতে নিম্নবর্ণিত তথ্যাদি থাকিবে, যথা:—

(ক) ক্রমিক সংখ্যা;

(খ) প্রাপ্তির তারিখ;

(গ) আবেদনকারীর নাম ও ঠিকানা;

(ঘ) আবেদনের উদ্দেশ্য;

(ঙ) রেজিস্ট্রেশন ফি হিসাবে গৃহীত অর্থের পরিমাণ;

(চ) আর্থিক সহায়তা তহবিলে প্রদেয় চাঁদার পরিমাণ;

(ছ) নিষ্পত্তির জন্য যাহার নিকট প্রেরিত হইয়াছে;

(জ) প্রেরণের তারিখ;

(ঝ) আবেদনের উপর সিদ্ধান্ত;

(ঞ) মন্তব্য; এবং

(ট) ইলেকট্রিক মোটরযানের রেজিস্ট্রেশনের ক্ষেত্রে সিলিন্ডার সংখ্যা, কিউবিক ক্যাপাসিটি, অশ্বশক্তি, ইঞ্জিন নম্বর, জ্বালানি ইত্যাদি ঘরগুলো যথাক্রমে-ব্যাটারি সংখ্যা, মোটরের ক্ষমতা (কিলোওয়াট), ব্যাটারির ক্যাপাসিটি (Voltage ampere hour rating), মোটরের নম্বর, ইলেকট্রিসিটি, ইত্যাদি দ্বারা পূরণ করিতে হইবে।

(৩) রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ মোটরযান মালিকের পরিচয় নিশ্চিত করিবার জন্য মোটরযানটি আইন অনুসারে পূর্বে রেজিস্ট্রেশন হইয়াছিল কিনা এবং ইনভয়েস বা বিক্রয় রসিদে মালিকের ঠিকানা ব্যতীত অন্য কোনো ঠিকানা উল্লেখ রহিয়াছে কিনা সেই বিষয়ে নিশ্চিত হইবে।

(৪) রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ আবেদনটি সংশ্লিষ্ট মোটরযান পরিদর্শকের নিকট প্রেরণ করিবে এবং আবেদনকারীকে মোটরযানটি পরিদর্শনের জন্য মোটরযান পরিদর্শকের নিকট উপস্থাপন করিতে নির্দেশ প্রদান করিবে।

(৫) রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রেরিত আবেদন প্রাপ্তির পর মোটরযান পরিদর্শক আবেদনটি মোটরযান রেজিস্ট্রেশনের আবেদন রেজিস্ট্রেশন বহি অথবা ইলেকট্রনিক মাধ্যমে এন্ট্রি করিবেন এবং উক্ত রেজিস্ট্রেশন বহিতে নিম্নবর্ণিত তথ্যাদি থাকিবে, যথা:—

(ক) ক্রমিক সংখ্যা;

(খ) প্রাপ্তির তারিখ;

(গ) আবেদনকারীর নাম ও ঠিকানা;

(ঘ) আবেদনের উদ্দেশ্য;

(ঙ) রেজিস্ট্রেশন ফি হিসাবে গৃহীত অর্থের পরিমাণ;

(চ) আর্থিক সহায়তা তহবিলে প্রদেয় চাঁদার পরিমাণ;

(ছ) পরিদর্শন ফি হিসাবে গৃহীত অর্থের পরিমাণ;

(জ) পরিদর্শনের জন্য নির্ধারিত তারিখ;

(ঝ) আবেদনের উপর মন্তব্য;

(ঞ) পরিদর্শনকৃত মোটরযানের বিবরণাদি;

(ট) প্রেরণের তারিখ; এবং

(ঠ) মন্তব্য।

(৬) মোটরযান পরিদর্শক নিম্নবর্ণিত বিষয়ে নিশ্চিত হইবেন, যথা:—

(ক) মোটরযানের চ্যাসিস এবং ইঞ্জিন শনাক্তকরণ সংখ্যাসহ মোটরযান সংশ্লিষ্ট আবেদনে বর্ণিত বিবরণাদি সঠিক;

(খ) মোটরযানটি আইনের সপ্তম অধ্যায় এবং উহার অধীন প্রণীত বিধানাবলির সকল শর্ত পূরণ করিয়াছে এবং উহা যান্ত্রিকভাবে ত্রুটিমুক্ত;

(গ) পরিবর্তন, রূপান্তর, সংযোজন ইত্যাদি করা হইয়া থাকিলে মোটরযানটি জননিরাপত্তার ক্ষেত্রে কোনো ঝুঁকি সৃষ্টি করে নাই;

(ঘ) মোটরযানটির বোঝাইকৃত অবস্থায় ওজন, এক্সেলের ওজন এবং যাত্রী আসন সংখ্যা প্রদর্শন করা হইয়াছে এবং উক্তরূপে প্রদর্শিত ওজন ও যাত্রী আসন সংখ্যা প্রস্তুতকারক কর্তৃক প্রত্যায়িত অথবা আইনে অনুমোদিত ওজন বা যাত্রী আসন সংখ্যার চেয়ে বেশী নয়;

(ঙ) প্রযোজ্য সকল কর ও ফি পরিশোধ করা হইয়াছে।

(৭) রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ নিম্নবর্ণিত বিষয়ে নিশ্চিত হইবেন, যথা:—

(ক) মালিকের পরিচয়;

(খ) মালিক কর্তৃক রেজিস্ট্রেশনের জন্য দাখিলকৃত আবেদনে কেবল একটি ঠিকানা উল্লেখ করিয়াছেন যা ইনভয়েস বা রসিদে বর্ণিত ঠিকানার অনুরূপ;

(গ) মোটরযান পরিদর্শক কর্তৃক রেজিস্ট্রেশনের অনুকূলে পর্যবেক্ষণ সম্বলিত সুপারিশ;

(ঘ) রেজিস্ট্রেশন বাবদ এতদসংশ্লিষ্ট সকল ধরনের ফি, কর, ইত্যাদি পরিশোধিত।

(৮) উপ-বিধি (৭) এ বর্ণিত বিষয়ে নিশ্চিত হইবার পর উল্লিখিত শর্ত প্রতিপালন সাপেক্ষে রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ আবেদনপত্রের নির্ধারিত স্থানে স্বাক্ষরপূর্বক ইলেকট্রনিক মাধ্যমে রেজিস্ট্রেশন নম্বর বরাদ্দপূর্বক একটি নির্দিষ্ট সময়ের জন্য প্রাপ্তিস্বীকার রসিদ প্রদান করিবে।

(৯) উপ-বিধি (৭) এ বর্ণিত বিষয়ে নিশ্চিত না হইলে রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ কোনো মোটরযান রেজিস্ট্রেশন প্রদানে লিখিতভাবে অস্বীকৃতি জানাইতে পারিবে।

(১০) রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ প্রাপ্তিস্বীকার রসিদে উল্লিখিত সময় অতিক্রান্ত হইলে ফরম-১৮ অনুযায়ী রেজিস্ট্রেশন সনদ প্রদান করিবে।

(১১) বিধি ৫০ এ বর্ণিত নম্বরসমূহের মোটরযানের ক্ষেত্রে একাধিক প্রার্থী থাকিলে রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ নিলামের মাধ্যমে নিষ্পত্তিপূর্বক রেজিস্ট্রেশন প্রদান করিবে।

৩৫। **পরিবহণযান রেজিস্ট্রিকরণের বিশেষ শর্তাবলি।**—(১) মোটরক্যাব ভিন্ন অন্য কোনো প্রকারের পরিবহণযানের চাকার সহিত সংযুক্ত টায়ারের সংখ্যা, প্রকৃতি ও আকৃতি এবং সংশ্লিষ্ট অন্যান্য বিষয় বিবেচনা করিয়া কর্তৃপক্ষ প্রত্যেক ব্র্যান্ড ও মডেলের পরিবহণযানের নিরাপদ লেডেন ওজন এবং প্রত্যেক পরিবহণযানের নিরাপদ সর্বোচ্চ এক্সেল ওজন নির্ধারণ করিবে:

তবে শর্ত থাকে যে, নির্ধারিত লেডেন ওজন ও এক্সেল ওজন তফসিল-৫ এ বর্ণিত ওজনসীমার অধিক হইবে না।

(২) রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ পরিবহণযান রেজিস্ট্রেশন করিবার সময় রেজিস্ট্রেশন সনদ ও এতদসংক্রান্ত রেজিস্টারে বা ইলেকট্রনিকভাবে সংরক্ষণের জন্য মোটরযানটির নিম্নবর্ণিত বিবরণী লিপিবদ্ধ করিবে, যথা:-

(ক) আনলেডেন ওজন;

(খ) প্রত্যেক চাকার সহিত সংযুক্ত টায়ারের সংখ্যা, প্রকৃতি ও আকৃতি;

(গ) মোটরযানটির রেজিস্ট্রেশনকৃত লেডেন ওজন এবং সবগুলি এক্সেলের রেজিস্ট্রেশনকৃত এক্সেল ওজন; এবং

(ঘ) যদি যানবাহনটির কেবল যাত্রী বহনের নিমিত্ত অথবা মাল ও যাত্রী বহনের জন্য ব্যবহৃত হয় বা ব্যবহারের উপযোগী করা হয়, তবে যত সংখ্যক যাত্রীর স্থান সংকুলান করা হইয়াছে তাহার সংখ্যা।

(৩) উক্তরূপ কোনো মোটরযানের রেজিস্ট্রেশন সনদে মোটরযানের লেডেন ওজন বা তাহার কোনো এক্সেলের রেজিস্ট্রেশনকৃত ওজন লিপিবদ্ধ করা হইবে না যাহা উপ-বিধি (১) অনুযায়ী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ওজন অপেক্ষা ভিন্নতর।

(৪) যেইক্ষেত্রে কোনো মোটরযানের টায়ারের সাইজ, প্রকৃতি বা আকৃতির পরিবর্তনসহ যানবাহনটির কোনোরূপ পরিবর্তনের কারণে যানবাহন বোঝাই অবস্থায় রেজিস্ট্রেশনকৃত ওজনের অথবা তাহার এক্সেলগুলির কোনো একটির রেজিস্ট্রেশনকৃত ওজনের এবং উপ-বিধি (৩) এর সহিত সামঞ্জস্যপূর্ণ না থাকিলে সেইক্ষেত্রে বিধি ৪২ এর বিধানসমূহ প্রযোজ্য হইবে এবং রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ উক্ত যানবাহনের রেজিস্ট্রেশন সার্টিফিকেট উপরি-উক্ত উপ-বিধির সহিত সামঞ্জস্য রহিয়াছে এইরূপ সংশোধিতরূপে মোটরযানটির লেডেন ওজন লিপিবদ্ধ করিবে।

(৫) কোনো মোটরযানের রেজিস্ট্রেশন সার্টিফিকেটে লিপিবদ্ধ রেজিস্ট্রেশনকৃত লেডেন ওজন যাহাতে উপ-বিধি (৪) মোতাবেক সংশোধন করা যায়, তৎনিমিত্ত রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ উক্ত মোটরযানের মালিককে নির্দিষ্ট সময়ের মধ্যে রেজিস্ট্রেশন সার্টিফিকেট দাখিল করিবার নির্দেশ প্রদান করিতে পারিবেন।

৩৬। **রেজিস্ট্রেশন নম্বর প্রদর্শন**।- (১) বিধি ৩৪ অনুযায়ী মোটরযানের বরাদ্দকৃত রেজিস্ট্রেশন নম্বরটি তফসিল-৬ এর দ্বিতীয় কলামে বর্ণিত জেলা বা অঞ্চলের নাম এবং তফসিল-৭ এ বর্ণিত মোটরযানের শ্রেণি বা শ্রেণিসমূহের বিপরীতে নির্দিষ্টকৃত একটি বাংলা অক্ষর ও সংখ্যার সমন্বয়ে গঠিত হইবে।

(২) রেজিস্ট্রেশন নম্বর প্লেট বাংলা অক্ষর ও সংখ্যায় হইবে এবং কোনো শোভাবর্ধন ও নকশা ছাড়াই নিম্নবর্ণিতভাবে প্রদর্শিত হইবে, যথা:—

(ক) ভাড়ায় চালিত মোটরযানের ক্ষেত্রে সবুজ পটভূমির উপর কালো রং এ মুদ্রিত;

(খ) ধারা ১৮ এর অধীন অস্থায়ী রেজিস্ট্রেশনের ক্ষেত্রে সাদা পটভূমির উপর লাল রং এ মুদ্রিত;

(গ) মোটরযানের বিক্রয়কারী প্রতিষ্ঠান বা এসেম্বলার বা প্রস্তুতকারকের জন্য বরাদ্দকৃত রেজিস্ট্রেশন নম্বরের ক্ষেত্রে নীল পটভূমির উপরে কালো রং এ মুদ্রিত;

(ঘ) ইলেকট্রিক মোটরযানের ক্ষেত্রে সবুজ পটভূমির উপরে সাদা রং এ মুদ্রিত; এবং

(ঙ) অন্যান্য ক্ষেত্রে সাদা পটভূমির উপর কালো রং এ মুদ্রিত।

(৩) রেজিস্ট্রেশন নম্বর চারটি অংশে বিভক্ত হইবে এবং দুইটি আনুভূমিক রেখায় নিম্নবর্ণিতভাবে লিখিতে হইবে-

| ৬। | মধ্যছেদকারী সড়ক, রোড জংশন বা সড়কের প্রান্ত, বাঁক, মোড় ইত্যাদির নিকটবর্তী হইবার পর চালককে তাহার মোটরযানের গতি কমাইতে হইবে এবং উল্লিখিত ধরনের সড়কে চলাচলকারী ব্যক্তিরা বিপদাপন্ন না হয় সে সম্পর্কে নিশ্চিত হইয়া সেখানে প্রবেশ করিবেন। |
| ৭। | মধ্যছেদকারী সড়কে উপনীত হইলে মোটরযান চালক যদি উক্ত সড়কটি প্রধান সড়ক হয়, তাহা হইলে প্রধান সড়কে চলাচলকারী যানবাহনসমূহকে পথ ছাড়িয়া দিবেন এবং অন্য যে কোনো ক্ষেত্রে মধ্যছেদকারী সড়ক অভিমুখী সকল যানবাহনকে তাহার ডানদিক দিয়া গমন করিতে দিবেন। |
| ৮। | মোটরযান চালনার সময় রাস্তায় কোনো মিছিল, সমাবেশ বা কোনোরূপ অপ্রত্যাশিত প্রতিবন্ধকতা দৃষ্টিগোচর হইলে মোটরযানের গতি হ্রাস করিতে হইবে যাহাতে কোনো ধরনের সংঘর্ষ বা দুর্ঘটনার আশংঙ্কা সৃষ্টি না হয়। |
| | মোটরযান চালনার সময় চালক সড়ক মেরামত, সংস্কার বা নির্মাণ কাজে নিয়োজিত শ্রমিকদের পার্শ্ব দিয়া রাস্তা অতিক্রমকালে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মোটরযান চলাচল সম্পর্কিত নির্দেশনা অনুসরণ করিবেন; ইহা ছাড়াও নিয়োজিত শ্রমিকদের কোনোরূপ ক্ষতিসাধন না হয় সেই বিষয়ে সতর্কতা অবলম্বন করিবেন। |
| ৯। | ১ (এক) জন মোটরযানের চালক—<br>(ক) বামদিকে মোড় নেওয়ার সময় যে রাস্তা হইতে মোড় নেওয়া হইতেছে এবং যে রাস্তায় প্রবেশ করা হইতেছে উভয় রাস্তারই যতটা সম্ভব বামদিক ঘেঁষিয়া নিয়ন্ত্রিত গতিতে মোটরযান চালাইবেন;<br>(খ) ডানদিকে মোড় নেওয়ার সময় যে রাস্তা দিয়া যাইবেন তাহার যতটা সম্ভব মধ্যস্থানের নিকটবর্তী হইবেন এবং মোটরযান এইরূপভাবে চালাইবেন যেন—<br>(অ) বাস্তব অবস্থা বুঝিয়া ছেঁদকারী সড়কসমূহের কেন্দ্রস্থলের কাছাকাছি বামদিক দিয়া মোটরযান ধীরগতিতে সামনে নিবেন;<br>(আ) যে রাস্তায় প্রবেশ করা হয় সে রাস্তার যতটা সম্ভব বামদিকে উপনীত হইবেন। |

**তফসিল-২(খ)**

**সংকেতসমূহ**

[বিধি ৮(৮) দ্রষ্টব্য]

| ক্রমিক নং | বিবরণ |
|---|---|
| ১। | ডানদিকে মোড় লওয়ার প্রাক্কালে বা অপর কোনো মোটরযানকে পাশ কাটাইয়া যাওয়ার সময় অন্য কোনো প্রয়োজনীয় উদ্দেশ্যে রাস্তার ডানদিক দিয়া মোটরযান চালানো দরকার পড়িলে চালক ডান হাত মোটরযানের ডানদিক দিয়া বাহিরে সমান্তরালভাবে মেলিয়া ধরিবেন এবং হাত বা হাতের তালুর সাহায্যে যথার্থ দিক নির্দেশ করিবেন। |
| ২। | বামদিকে মোড় নেওয়ার প্রাক্কালে বা রাস্তার বামদিকে যাওয়ার দরকার পড়িলে চালক ডান হাত বাহিরে মেলে ধরিয়া ঘড়ির কাটার বিপরীত দিকে হাত ঘুরাইবেন। |
| ৩। | মোটরযানের গতি কমানোর প্রাক্কালে চালক ডান বাহু মোটরযানের ডান পার্শ্ব দিয়া বাহিরে ধরিবেন এবং হাতের তালুর সাহায্যে ডান বাহু কয়েকবার উপরে উঠাইবেন ও নিচে নামাইবেন যাহাতে তাহার এই সংকেত পিছনের মোটরযানের চালকের দৃষ্টিগোচর হয়। |
| ৪। | মোটরযান থামাইবার প্রাক্কালে চালক তাহার ডান বাহুর উপরের অংশ মোটরযানের ডান দিক দিয়া বাহির করিয়া সোজা উপরের দিকে উঠাইবেন এবং ডান দিক হাতের তালু সামনে ফিরাইবেন। |
| ৫। | কোনো মোটরযান চালক যখন ইচ্ছা করিবেন যে তাহার পিছনের মোটরযানের চালক তাহার মোটরযানকে ওভারটেক করুক, তখন তিনি (সামনের মোটরযানের চালক) তাহার ডান হাত ও বাহু মোটরযানের ডান দিক দিয়া বাহিরে সমান্তরালভাবে মেলিয়া ধরিবেন এবং ডান বাহু আধাগোলাকৃতির আকারে সামনে পিছনে ঘুরাইবেন। |

**তফসিল-২(গ)**
**গণপরিবহণ চালকদের দায়িত্ব ও কর্তব্য**
[বিধি ১৭(৪) দ্রষ্টব্য]

| ক্রমিক নং | বিবরণ |
|---|---|
| ১। | গণপরিবহণের চালক ও কন্ডাক্টর বা সুপারভাইজারের আচরণ ও দায়িত্ব:<br>(১) গণপরিবহণের চালক—<br>(ক) চালকের জন্য নির্ধারিত আসন সংলগ্ন স্থানে কোনো ব্যক্তি, পশু বা কোনো জিনিসপত্র রাখিবার অনুমতি প্রদান করিবেন না এবং এইরূপভাবে রাখিবেন না বা রাখিতে দিবেন না যাহাতে তাহার জন্য পরিষ্কারভাবে রাস্তা দেখিতে বা যানটি যথাযথভাবে নিয়ন্ত্রণ করিতে অসুবিধা হয়।<br>(খ) কোনো যাত্রীর দৃষ্টি আকর্ষণ করিবার জন্য চিৎকার করিবেন না বা এইরূপভাবে আচরণ করিবেন না যাহা যাত্রীসাধারণের বিশেষ করিয়া মহিলা যাত্রীদের বিরক্তির উদ্রেক করিতে পারে।<br>(গ) চালক অনুমোদিত স্টপেজ ব্যতীত যাত্রী উঠাইবার বা নামাইবার জন্য সড়কের কোনো স্থানে মোটরযান থামাইতে পারিবেন না।<br>(ঘ) যাত্রী উঠানো বা নামাইবার উদ্দেশ্যে অন্য কোনো পাবলিক সার্ভিস মোটরযান অবস্থান করিয়াছে এইরূপ স্থানে বা উহার নিকট যাত্রী উঠাইবার বা নামাইবার উদ্দেশ্যে তাহার যানটি রাখিবার সময় এইরূপভাবে যানটি চালাইবেন না যাহাতে অন্য যানের চালক বা কন্ডাক্টরের অথবা যান হইতে নামিবার বা উঠিবার জন্য প্রস্তুত কোনো ব্যক্তি বিপদ বা অসুবিধার সম্মুখীন হন এবং তাহার যানটি অন্য যানের সামনে বা পিছনে এবং রাস্তার বাম পার্শ্বে রাখিবেন।<br>(ঙ) সব সময় তাহার যানটি উপযুক্ত রাখিবার জন্য যথাযথ সাবধানতা ও সতর্কতা অবলম্বন করিবেন এবং টায়ার, ব্রেক বা বাতি ত্রুটিপূর্ণ থাকা অবস্থায় কোনো মোটরযান চালাইবেন না যাহাতে কোনো যাত্রী বা অন্য কোনো ব্যক্তি বিপদাপন্ন হইতে পারেন এবং মোটরযানটি পরবর্তী ফিলিং স্টেশনে পৌঁছাইবার জন্য পর্যাপ্ত পরিমাণ জ্বালানি না থাকিলে মোটরযান চালাইবেন না।<br>(২) ট্যাক্সি/ মোটরক্যাবের কোনো চালককে ট্যাক্সিক্যাব সংক্রান্ত আইন, বিধি, প্রবিধি ও নীতিমালা মানিয়া চলা ছাড়াও নিম্নবর্ণিত বিষয়সমূহ মানিয়া চলিতে হইবে, যথা:—<br>(ক) ট্রাফিক আইন মানিয়া চলা;<br>(খ) মিটার টেম্পারিং হইতে বিরত থাকা;<br>(গ) ইউনিফর্ম ও ব্যাজ বা পরিচয়পত্র বহন করা;<br>(ঘ) স্বল্প দূরত্বে চলাচল নিশ্চিত করা;<br>(ঙ) নিয়ম অনুযায়ী মিটার ব্যবহার করা;<br>(চ) ধূমপান ও নেশা জাতীয় দ্রব্য গ্রহণ হইতে বিরত থাকা; |

| ক্রমিক নং | বিবরণ |
|---|---|
| | (ছ) ট্যাক্সি/ মোটরক্যাব যাত্রী বহনের উদ্দেশ্যে সড়কে অবস্থানকালে কোনো যাত্রী পরিবহণ করিতে অস্বীকৃতি জানাইতে পারিবেন না এবং ট্যাক্সি/মোটরক্যাবটি কোনো অননুমোদিত স্ট্যান্ডে বা কোনো পাবলিক প্লেসে যাত্রীর অপেক্ষায় দাঁড় করাইয়া রাখিবেন না;<br>(জ) যুক্তিসঙ্গত কারণ ব্যতীত সংক্ষিপ্ত ও দ্রুততম রুটে ভাড়াকারী কর্তৃক নির্ধারিত গন্তব্যস্থলে যাইতে ব্যর্থ হইবেন না বা অবহেলা করিবেন না;<br>(ঝ) তাহার মোটরযানটি ভাড়া করা মাত্রই ট্যাক্সি মিটারটি সচল করিতে ব্যর্থ হইবেন না বা অবহেলা করিবেন না এবং গন্তব্যস্থলে পৌঁছামাত্র উহা বন্ধ করিবেন:<br>তবে শর্ত থাকে যে, দুর্ঘটনা, যান্ত্রিক ত্রুটি বা টায়ারের ত্রুটির কারণে কোনো মোটর ক্যাব আর অগ্রসর হইতে ব্যর্থ হইলে চালক তৎক্ষণাৎ ট্যাক্সি মিটারের কার্যক্রম বন্ধ করিবেন এবং ভাড়াকারী ব্যক্তি মিটারটি বন্ধ করা পর্যন্ত ভাড়া পরিশোধ করিবেন। |
| ২। | **গণপরিবহণের চালক অথবা কন্ডাক্টর বা সুপারভাইজারের দায়িত্ব:**<br>পাবলিক সার্ভিস মোটরযানের চালক অথবা কন্ডাক্টর বা সুপারভাইজার—<br>(১) তাহার কর্তব্যে যুক্তিসঙ্গত সম্ভাব্য মনোযোগ প্রদান করিবেন এবং আইন ও বিধিমালার বিধানাবলি যথাযথভাবে প্রতিপালনের জন্য দায়ি থাকিবেন।<br>(২) কর্তব্য পালনকালে ধূমপান করিবেন না বা মাতাল হইবেন না অথবা নেশাগ্রস্ত থাকিবেন না এবং কোনো মহিলা যাত্রীর বিরক্তির উদ্রেক করিতে পারে এইরূপ কোনো আচরণ করিবেন না।<br>(৩) মোটরযান চালনাকালে মোবাইল ফোন বা হেডফোন বা অনুরূপ কোনো ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করিতে পারিবেন না।<br>(৪) যাত্রী বা বাসে আরোহণের জন্য অপেক্ষারত সম্ভাব্য যাত্রীদের সহিত ভদ্রোচিত, সভ্য ও সংযতভাবে আচরণ করিবেন।<br>(৫) কর্তব্যরত অবস্থায় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত পরিচ্ছন্ন পোষাক পরিধান করিবেন।<br>(৬) যাত্রী সাধারণের প্রতি উন্নত সেবা প্রদানের লক্ষ্যে মোটরযান যথাযথভাবে পরিষ্কার পরিচ্ছন্ন অবস্থায় রাখিবেন।<br>(৭) ভদ্র ও শান্ত আচরণ ব্যতীত অন্য কোনোভাবে যাত্রী আনিবার উদ্দেশ্যে উত্যক্ত করিবার সামিল অশোভনীয়, অগ্রহণযোগ্য, বিরক্তি সৃষ্টিকারী এইরূপ কোনো আচরণ করিবেন না বা এইরূপ কোনো প্রচেষ্টা চালাইবেন না।<br>(৮) কোনো মোটরযানে যাত্রী হইয়া উঠিবার বা উঠিবার প্রস্তুতিকালে কোনো ব্যক্তিকে বাধা প্রদান করিবেন না।<br>(৯) অনুমোদিত আসন সংখ্যার অতিরিক্ত বা রুট পারমিটের শর্ত দ্বারা অনুমোদিত কোনো অতিরিক্ত যাত্রী বহন করিতে অনুমতি প্রদান করিবেন না। |

| ক্রমিক নং | বিবরণ |
|---|---|
| | (১০) বিশেষ ব্যতিক্রম ব্যতীত নির্ধারিত ভাড়া প্রদানকারী ব্যক্তিকে বহন করিতে অস্বীকৃতি জানাইতে পারিবেন না এবং ভাড়া গ্রহণের বিপরীতে সমমূল্য টিকেট প্রদান করিবেন।<br>(১১) যাত্রী ছাড়াও মোটরযানে মাল বহনের ক্ষেত্রে মালামালের কারণে যাহাতে যাত্রীদের কোনো অসুবিধা না হয় সেইদিকে সতর্ক দৃষ্টি রাখিবেন।<br>(১২) ভাড়া প্রদানকারী যাত্রী গন্তব্যে পৌঁছানোর পূর্বেই বিশেষ কোনো কারণে যাত্রা শেষ করিতে ইচ্ছা পোষণ করিলে ন্যায়সঙ্গত ভাড়া ফেরত প্রদান করিয়া তাহাকে মোটরযান হইতে নামিবার সুযোগ দিবেন।<br>(১৩) নির্ধারিত সময়ে যাত্রা আরম্ভ করিবেন এবং নির্ধারিত সময় অনুযায়ী বিভিন্ন স্টপেজে পৌঁছাইবার জন্য পথিমধ্যে অতিরিক্ত সময় মোটরযান থামাইয়া রাখা বা ইচ্ছাকৃতভাবে অহেতুক বিলম্ব করা ইত্যাদি করিবেন না।<br>(১৪) যাত্রা শুরু করিবার পর পথিমধ্যে যান্ত্রিক ক্রুটির কারণে বা অত্যাবশ্যক কোনো কারণে গন্তব্যে পৌঁছাইতে ব্যর্থ হইলে বহনকারী যাত্রীগণকে যথাসম্ভব বিকল্প যানবাহনে পৌঁছাইয়া দেওয়ার ব্যবস্থা করিবেন অন্যথায় অবশিষ্ট দূরত্বের জন্য প্রয়োজনীয় ভাড়া যাত্রীগণকে ফেরত প্রদান করিবেন।<br>(১৫) স্টেজ পরিবহণের ক্ষেত্রে যাত্রীদের প্রবেশ ও বহির্গমনে বাধা সৃষ্টি করে এইরূপভাবে কোনো কিছু মোটরযানে রাখিবেন না বা রাখিবার অনুমতি দিবেন না।<br>(১৬) কোনো যাত্রীবাহী মোটরযানকে অবৈধ বা অনৈতিক উদ্দেশ্যে ব্যবহারের জন্য অনুমতি দিবেন না।<br>(১৭) ইঞ্জিন সচল অবস্থায় ট্যাংকে কোনো জ্বালানি গ্রহণের অনুমতি দিবেন না।<br>(১৮) মোটরযানে কোনো প্রকার গ্যাস বা পেট্রোলিয়াম বা বিস্ফোরক জাতীয় দ্রব্য বহন করিবার অনুমতি দিবেন না:<br>তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট মোটরযানে ব্যবহারের প্রয়োজনে সীমিত পরিমাণ জ্বালানি বিশেষভাবে প্রস্তুতকৃত আবদ্ধ আধারে বহন করিতে পারিবেন। |
| ৩। | **হারিয়ে যাওয়া সম্পত্তি:**<br>(১) স্টেজ পরিবহণের কন্ডাক্টর বা সুপারভাইজার অথবা কন্ডাক্টর বা সুপারভাইজার না থাকিলে মোটর ক্যাবের চালক প্রতিটি যাত্রার শেষে মোটরযানে কোনো যাত্রী কোনো কিছু ফেলিয়া গিয়াছেন কিনা তৎসম্পর্কে যুক্তিসঙ্গাত অনুসন্ধান করিবেন এবং কোনো কিছু পাওয়া গেলে নিজের হেফাজতে রাখিবেন এবং চব্বিশ ঘণ্টার মধ্যে সংশ্লিষ্ট ব্যক্তিকে পাওয়া না গেলে উক্ত জিনিসপত্র নিটকবর্তী থানার পুলিশ কর্মকর্তার নিকট সমর্পণ করিবেন।<br>(২) মোটরযানে কোনো যাত্রী কর্তৃক প্রাপ্ত সম্পত্তি তৎক্ষণাৎ কন্ডাক্টর বা সুপারভাইজার অথবা ক্ষেত্রমত চালকের নিকট হস্তান্তর করিতে হইবে এবং চালক অথবা কন্ডাক্টর বা সুপারভাইজার উক্ত সম্পত্তি দফা (১) অনুযায়ী নিষ্পত্তি করিবেন। |

| ক্রমিক নং | বিবরণ |
|---|---|
| ৪। | **স্টেজ পরিবহনে যাত্রীদের আচরণ সম্পর্কিত বিধি:**<br>স্টেজ ক্যারিজ পরিবহনে যদি কোনো সময় কোনো যাত্রী—<br>(১) বিশৃঙ্খল আচরণ করেন;<br>(২) এইরূপ আচরণ করেন যাহাতে কোনো মহিলা যাত্রীর বিরক্তির উদ্রেক ঘটে;<br>(৩) কোনো প্রকার নেশা জাতীয় মাদকদ্রব্য বহন করেন বা মাদকদ্রব্য পরিবহণ কাজে সংশ্লিষ্ট থাকেন বা সহযোগিতা করেন;<br>(৪) কোনো প্রকার অবৈধ অস্ত্রশস্ত্র বহন করেন বা বহনের কাজে সংশ্লিষ্ট থাকেন বা সহযোগিতা করেন;<br>(৫) অশ্লীল ভাষা ব্যবহার করেন;<br>(৬) অন্য কোনো যাত্রীর সহিত অশালীন আচরণ করেন;<br>(৭) নিষিদ্ধ থাকা সত্ত্বেও ধূমপান করেন বা অন্যকোনোভাবে নেশাগ্রস্ত থাকেন বা মোটরযানে জ্বালানি গ্রহণের সময় ধূমপান করেন;<br>(৮) থু থু ফেলেন;<br>(৯) কর্তব্য পালনে কন্ডাক্টর বা সুপারভাইজার বাধা প্রদান করেন;<br>(১০) ভাড়া পরিশোধ করিতে অস্বীকার করেন বা অক্ষমতা জ্ঞাপন করেন;<br>(১১) কোনো যুক্তিসঙ্গত কারণ ব্যতিরেকে কন্ডাক্টর বা সুপারভাইজারকে মোটরযান চালনায় হস্তক্ষেপ করেন; বা<br>(১২) নিম্নবর্ণিত ব্যক্তি কর্তৃক চাহিবা মাত্র টিকিট প্রদর্শন করিতে অস্বীকার করেন—<br>(ক) ইউনিফর্মধারি কোনো পুলিশ কর্মকর্তা;<br>(খ) মোটরযান পরিদর্শক; বা<br>(গ) কর্তৃপক্ষ কর্তৃক এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোনো ব্যক্তি; বা<br>(১৩) কোনো সংক্রামক বা ছোঁয়াচে রোগে আক্রান্ত হইবার আশংকা থাকে; বা<br>(১৪) আইনের অধীন কোনো অপরাধ সংঘটন করেন বা সংঘটনে সহায়তা করেন-<br>তাহা হইলে চালক অথবা কন্ডাক্টর বা সুপারভাইজার উক্ত যাত্রীকে তৎক্ষণাৎ মোটরযান হইতে নামিয়া যাইতে নির্দেশ প্রদান করিতে পারিবেন এবং তিনি নামিয়া না যাওয়া পর্যন্ত মোটরযান থামাইয়া রাখিতে পারিবেন; এইরূপ যাত্রী কোনো ভাড়া পরিশোধ করিয়া থাকিলে তাহা ফেরত পাইবেন না; প্রয়োজনে আইন শৃংখলা রক্ষাকারী বাহিনীর সহযোগিতা গ্রহণ করিবেন। |
| ৫। | **গণপরিবহণে প্রতিবন্ধী, শিশু, মহিলা ও বয়োবৃদ্ধ বহন:**<br>(১) গণপরিবহণে উঠানামার ক্ষেত্রে প্রতিবন্ধী, শিশু, মহিলা ও বয়োবৃদ্ধদের সহায়তা প্রদান করিতে হইবে।<br>(২) প্রতিবন্ধী, শিশু ও বয়োবৃদ্ধদের উঠানামার ক্ষেত্রে ব্যবহৃত ব্যক্তিগত হুইল চেয়ার বা এই জাতীয় বাহন পরিবহণের জন্য কোনো ভাড়া দাবি বা আদায় করা যাইবে না।<br>(৩) অনূর্ধ্ব ৩ (তিন) বৎসরের শিশুর জন্য কোনো ভাড়া দাবি করা যাইবে না। তবে পৃথক আসন বরাদ্দ করা হহলে ভাড়া দাবি করা যাইবে। |

**তফসিল-২(ঘ)**
**ট্রাফিক সাইন বা চিহ্ন**
[বিধি ৮(৮) দ্রষ্টব্য]

ট্রাফিক চিহ্ন মূলত ৩ (তিন) ধরনের উক্ত চিহ্নের মধ্যে কিছু চিহ্ন আদেশমূলক, কিছু চিহ্ন সতর্কতামূলক এবং কিছু চিহ্ন তথ্যমূলক তবে প্রত্যেক ধরনের চিহ্নের ভিন্ন ভিন্ন আকৃতি রহিয়াছে।

| | | |
|---|---|---|
|  বৃত্তাকার চিহ্ন আদেশমূলক |  ত্রিভূজাকৃতি চিহ্ন সতর্কতামূলক |  আয়তাকার চিহ্ন তথ্যমূলক |
| চিহ্নগুলির রং সম্পর্কিত অধিকতর নির্দেশনা। | | |
|  নীল গোলাকৃতি চিহ্ন হাঁ বাচক বাধ্যতামূলক |  লাল গোলাকৃতি চিহ্ন না বাচক বাধ্যতামূলক | |
|  নীল আয়তাকার চিহ্ন তথ্যমূলক নির্দেশনা প্রদান করে |  সবুজ আয়তাকার চিহ্ন জাতীয় মহাসড়কে দিক নির্দেশ করে |  কালো বর্ডারযুক্ত সাদা আয়তাকার চিহ্ন জাতীয় মহাসড়ক ব্যতীত অন্যান্য সড়কে দিক নির্দেশ করে |
| চিহ্নের আকৃতি ও রং এর বিধানের ক্ষেত্রে কিছু ব্যতিক্রম রহিয়াছে। যেমন-থামুন চিহ্ন, রাস্তা দিন ইত্যাদিসহ নির্দিষ্ট তথ্যমূলক চিহ্ন |     | |

**ট্রাফিক চিহ্নের সাধারণ নকশা**

প্রত্যেক সাইন এর বিস্তারিত নকশা ট্রাফিক চিহ্ন ম্যানুয়ালে উল্লেখ থাকিবে




নোট (১): সাইন ও পোস্ট এর সাধারণ গঠন নমুনা হিসাবে দেওয়া হইল। দৃশ্যমান সাইনগুলি উদাহরণ হিসাবে উল্লেখ করা হইয়াছে।

নোট (২): সকল পরিমাপ মিলিমিটারে হইবে। এই তফসিলে বর্ণিত পরিমাপের চেয়ে বাস্তব পরিমাপ সর্বোচ্চ ১০% কমবেশি হইতে পারিবে।

নোট (৩): মূল সাইনকে ব্যাখ্যা বা কোয়ালিফাই করা বা ইহার প্রয়োগ সীমিত করিবার আবশ্যকতা দেখা দিলে সেই ক্ষেত্রে ইহার সহিত সম্পূরক প্লেট সংযোজন করা যাইতে পারে (যেমন- নির্দিষ্ট ধরনের মোটরযান বা দিনের নির্দিষ্ট সময়)। অন্য ভাষাভাষী সড়ক ব্যবহারকারীদের সহজে বোঝার জন্য প্রয়োজনে বাংলা ভাষার পাশাপাশি ইংরেজি ভাষা ব্যবহার করা যাইবে। সম্পূরক প্লেটের ক্ষেত্রেও বাংলা ভাষার পাশাপাশি ইংরেজি ভাষা ব্যবহার করা যাইবে।

## বাধ্যতামূলক চিহ্ন

| | | | |
|---|---|---|---|
| <br>এ-১: থামুন এবং রাস্তা দিন | <br>এ-২: রাস্তা দিন (প্রধান সড়ক অথবা গোলচক্কর) | <br>এ-৩: যানবাহন প্রবেশ নিষেধ | <br>এ-৪: মোটরযান প্রবেশ নিষেধ |
| <br>এ-৫: ট্রাক প্রবেশ নিষেধ | <br>এ-৬: ঠেলাগাড়ি প্রবেশ নিষেধ | <br>এ-৭: পশুবাহী যান প্রবেশ নিষেধ | <br>এ-৮: পথচারী চলাচল/ প্রবেশ নিষেধ |
| <br>এ-৯: রিকশা প্রবেশ নিষেধ | <br>এ-১০: বাইসাইকেল প্রবেশ নিষেধ | <br>এ-১১: ট্রাক্টর ও ধীরগতির মোটরযান প্রবেশ নিষেধ | <br>এ-১২: বিষ্ফোরক বহনকারী যানবাহন প্রবেশ নিষেধ |
| <br>এ-১৩: প্রদর্শিত দৈর্ঘ্যের বেশি দৈর্ঘ্যবিশিষ্ট যানবাহন প্রবেশ নিষেধ | <br>এ-১৪: প্রদর্শিত উচ্চতার বেশি উচ্চতাবিশিষ্ট যানবাহন প্রবেশ নিষেধ | <br>এ-১৫: প্রদর্শিত প্রস্থের বেশি প্রস্থবিশিষ্ট যানবাহন প্রবেশ নিষেধ | <br>এ-১৬: প্রদর্শিত গ্রস ওজনের বেশি ওজনের যানবাহন প্রবেশ নিষেধ |
| <br>এ-১৭: এক্সেল ওজনসীমা | <br>এ-১৮: পার্কিং নিষেধ | <br>এ-১৯: থামানো নিষেধ | <br>এ-২০: ওভারটেকিং নিষেধ |

**বাধ্যতামূলক চিহ্ন**

| | | | |
|---|---|---|---|
| <br>এ-২১: না থামিয়া অতিক্রম করা  নিষেধ | <br>এ-২২: ডানে মোড় নিষেধ | <br>এ-২৩: বামে মোড় নিষেধ | <br>এ-২৪: ইউটার্ন নিষেধ |
| <br>এ-২৫: হর্ন বাজানো নিষেধ। | <br>এ-২৬: বিশেষ গতিসীমা | <br>এ-২৭: জাতীয় গতিসীমা | <br>এ-২৮: থামুন (অস্থায়ী) |
| <br>এ-২৯: অগ্রসর হউন (অস্থায়ী) | <br>এ-৩০: নিষেধাজ্ঞা সমাপ্ত | <br>এ-৩১: শুধুমাত্র অগ্রসর হউন | <br>এ-৩২: বামদিকে অগ্রসর হউন (তীর বিপরীত হইলে ডান) |
| <br>এ-৩৩: বামে ঘেঁসে চলুন (তীর বিপরীত হইলে ডান) | <br>এ-৩৪: অগ্রসর হইয়া বামে চলুন (তীর বিপরীত হইলে ডান) | <br>এ-৩৫: ছোট্ট গোলচক্কর (ডান দিক হইতে যানবাহন চালাইয়া যান) | <br>এ-৩৬: যে কোনো একদিকে যাইতে পারেন |
| <br>এ-৩৭: একদিকে ট্রাফিক | <br>এ-৩৮: একদিকে রাস্তা | <br>এ-৩৯: রিকশার জন্য রাস্তা | <br>এ-৪০: সাইকেলের জন্য রাস্তা। |

## বাধ্যতামূলক চিহ্ন

যানবাহন নিয়ন্ত্রণের সংকেত

| | | |
|---|---|---|
|    সংকেত ক্রম বা চক্র নিম্নরূপ:<br>লাল<br>সবুজ<br>হলুদ<br>অত:পর পুনরায় লাল | | |
| লাল অর্থ থামুন। এইক্ষেত্রে রাস্তার উপর অংকিত থামুন লাইনের পিছনে অপেক্ষা করিতে হইবে। | সবুজ অর্থ রাস্তা পরিষ্কার থাকিলে অগ্রসর হওয়া যাইবে। | হলুদ অর্থ থামুন লাইনের পিছনে যানবাহন থামাইতে হইবে। |
| ই-১<br> |  |  |
| সংকেত মাথার উর্ধ্বে খাঁড়া ও আনুভূমিক দুইভাবেই স্থাপন করা যাইতে পারে। খাঁড়া সিগন্যালে লালবাতি সবচেয়ে উপরে এবং আনুভূমিক সিগন্যালে লালবাতি সর্ব ডানে। | তীর চিহ্নের সবুজ সিগন্যাল বাতির অর্থ সাধারণ সবুজ বাতি সোজা, ডান, বাম অর্থাৎ তিনদিকেই যাওয়ার অনুমতি দেয়। কিন্তু তীর চিহ্ন বিশিষ্ট সবুজবাতি শুধু তীর চিহ্ন প্রদর্শিত দিকের জন্য প্রযোজ্য। ডানদিক প্রদর্শিত তীর চিহ্ন যানবাহনকে শুধু ডানদিকের চলার অনুমতি দেয় (এক্ষেত্রে সোজা চলাচল ও বামে মোড় নেওয়া নিষেধ)। অনুরূপভাবে বাম দিক প্রদর্শিত তীর চিহ্ন যানবাহনকে শুধু বামদিকের চলার অনুমতি দেয় (এক্ষেত্রে সোজা চলাচল ও ডানে মোড় নেওয়া নিষেধ) এবং সোজা দিক প্রদর্শিত তীর চিহ্ন যানবাহনকে শুধু সোজাসুজি চলার অনুমতি দেয় (এক্ষেত্রে ডানে ও বামে মোড় নেওয়া নিষেধ)। | সবগুলো তীর চিহ্নের বাতির অর্থ মোড় নেওয়া, বিশেষ করিয়া ডান দিকের চলাচল নিয়ন্ত্রণের জন্য এ ধরনের সিগন্যাল জাংশনে ব্যবহৃত হয়। অনুরূপভাবে বাম দিকের চলাচল নিয়ন্ত্রণের জন্য তীর চিহ্ন বাম দিকে এবং সোজাসুজি চলাচল নিয়ন্ত্রণের জন্য তীর চিহ্ন ওপরের দিকে থাকে। অর্থাৎ এ ধরনের সিগন্যাল ব্যবহার করিয়া যে কোনো একদিকে চলাচল নিয়ন্ত্রণ করা হয়। |
|  |  | |
| সবুজবাতির সহিত অতিরিক্ত সবুজ তীর চিহ্নের অর্থ এ ধরনের সিগন্যাল থাকিলে অন্য রঙের বাতি যে নির্দেশই প্রদান করুক না কেনো তীর চিহ্ন প্রদর্শিত দিকে যাওয়া যাইবে, এইরূপকি প্রধান সিগন্যাল বাতি লাল থাকিলেও। | রেলক্রসিং সিগন্যাল- এ ধরনের সিগন্যাল বাতিকে সতর্ককারী ফ্লাশ সিগন্যাল বলে। রেল ক্রসিংয়ে যানবাহন নিয়ন্ত্রণের জন্য এ সিগন্যাল ব্যবহৃত হয়। ট্রেন যখন ক্রসিং পার হয় তখন এই দুইটি লালবাতি পর্যায়ক্রমে জ্বলিতে ও নিভিতে (ফ্লাশিং) থাকে। ফ্লাশিং অবস্থায় থামুন লাইন এর পেছনে যানবাহনকে থামিইতে হইবে। ফ্লাশিং সিগন্যাল বন্ধ না হওয়া এবং রেলগেইট না খোলা পর্যন্ত যানবাহনকে থামুন লাইন এর পিছনে দাঁড় করাইয়া রাখিতে হইবে। | |

**বাধ্যতামূলক চিহ্ন**

| | |
|---|---|
| সংকেত- পথচারী নিয়ন্ত্রণের জন্য | রোড মার্কিং-<br>রাস্তার যে অংশে যানবাহন চলাচল করে |

| | | | | |
|---|---|---|---|---|
|  | | | |  |
| অপেক্ষা | সতর্কতার সহিত রাস্তা পারাপার | রাস্তা পারাপার হওয়া যাইবে না | | যানবাহন অবশ্যই থামিবে এবং প্রধান সড়ককে অন্য ট্রাফিককে চলাচলের রাস্তা দিতে হইবে। চলাচলের সংকেত না দেওয়া পর্যন্ত যানবাহন থামিয়া থাকিবে। |
| | | | | <br>প্রধান সড়কে অথবা গোল চক্করে চলাচলের জন্য রাস্তা ছাড়িয়া দিতে হইবে। |
| পথচারী পারাপার<br><br>পথচারী পারাপারের জন্য যানবাহন চালক অবশ্যই রাস্তা দিবেন | | | | পথচারী পারাপারের জন্য জিগ-জ্যাগ লাইন<br><br>ওভারটেকিং, থামানো ও পার্কিং নিষিদ্ধ |
| | | | | |
| ক্যারিজওয়ের সোজাসুজি (লেনের মাঝামাঝি)<br><br>জরুরি প্রয়োজন ব্যতিরেকে এই ব্যারিয়ার লাইন অতিক্রম করা নিষেধ। | | | ক্যারিজওয়ের কিনারা বরাবর<br><br>এখানে যানবাহন পার্কিং নিষেধ। | সংযোগস্থল<br><br>বহির্গমন নিশ্চিত না হইয়া হলুদ বক্সের মধ্যে প্রবেশ নিষেধ |

সতর্কতামূলক চিহ্ন

| | | | |
|---|---|---|---|
| <br>বি-১: সামনে ছোট সড়ক (আড়াআড়ি) | <br>বি-২: সামনে প্রধান সড়ক (আড়াআড়ি) | <br>বি-৩: ডানদিকে পার্শ্ব রাস্তা | <br>বি-৪: সামনে বামে-ডানে সংযোগ সড়ক |
| <br>বি-৫: টি জাংশন | <br>বি-৬: ওয়াই জাংশন | <br>বি-৭: বামদিক থেকে রাস্তা এসে মিলিত হইয়াছে। | <br>বি-৮: ডানদিকের রাস্তার সহিত মিলিত হইবে। |
| <br>বি-৯: গোলচক্কর | <br>বি-১০: ডানদিকে আচমকা মোড় | <br>বি-১১: ডানদিকে খাড়া বাঁক | <br>বি-১২: জোড়া বাঁক, প্রথমটি বামে |
| <br>বি-১৩: বামদিকে আচমকা দিক পরিবর্তন | <br>বি-১৪: উভয়পাশে রাস্তা সরু | <br>বি-১৫: ডানদিকে রাস্তা সরু | <br>বি-১৬: দুটি রাস্তা একত্রিত |
| <br>বি-১৭: সামনে ট্রাফিক সংকেত | <br>বি-১৮: ঢালু পাহাড় | <br>বি-১৯: খাঁড়া পাহাড় | <br>বি-২০: উচ্চতাসীমা ৪.৪ মিটার |

সতর্কতামূলক চিহ্ন

| | | | |
|---|---|---|---|
|  বি-২১: সোজাসুজি দ্বিমুখী  চলাচল |  বি-২২: একমুখী রাস্তায় আড়াআড়ি দ্বিমুখী চলাচল |  বি-২৩: পথচারী পারাপার |  বি-২৪: ফুটপাত না থাকায় সড়কে পথচারী চলাচল |
|  বি-২৫: সামনে স্কুল |  বি-২৬: গবাদিপশু রাস্তায় চলাচল করিতে পারে |  বি-২৭: বন্যপ্রাণী রাস্তায় চলাচল করিতে পারে |  বি-২৮: নদী/গভীর খাদের কিনারা |
|  বি-২৯: উঁচুনিচু সড়ক |  বি-৩০: পিচ্ছিল সড়ক |  বি-৩১: গতিরোধক |  বি-৩২: বিমানবন্দর |
|  বি-৩৩: পাহাড়ি রাস্তায় বাম পার্শ্ব হতে শিলা/পাথর পড়িতে পারে |  বি-৩৪: বিপজ্জনক খাদ/গর্ত |  বি-৩৫: সরু সেতু |  বি-৩৬: সামনে বিভিন্ন রকম বিপদাশংকা আছে |
|  বি-৩৭: চেক পোস্ট |  বি-৩৮: রাস্তার কাজ চলমান |  বি-৩৯: রাস্তার উপরে ঢিলা/আলগা নুড়ি পাথর আছে |  বি-৪০: রাস্তায় সাইকেল রিকশা চলাচল করে |

## সতর্কতামূলক চিহ্ন

| | | | |
|---|---|---|---|
| <br>বি-৪১: বিপজ্জনক শোল্ডার | <br>বি-৪২: খেয়াঘাট/ফেরিঘাট | <br>বি-৪৩: অন্ধ ব্যক্তি পারাপার | <br>বি-৪৪: অরক্ষিত রেল ক্রসিং |
| <br>বি-৪৫: রক্ষিত রেল ক্রসিং | <br>বি-৪৬: গণনা করিবার চিহ্ন | <br>বি-৪৭: রেল ক্রসিং এর স্থান | <br>বি-৪৮: টি জাংশন (শুধু বামে অথবা ডানে) |
| <br>বি-৪৯: বিপজ্জনক বাধা (একদিকে) | <br>বি-৫০: বিপজ্জনক বাধা (উভয়দিকে) | <br><br>বি-৫১: অস্থায়ী বিকল্প রাস্তা | <br>বি-৫২: অস্থায়ী বিকল্প রাস্তার নকশা |
| <br><br>বি-৫৩: অস্থায়ী বিকল্প রাস্তার নির্দেশক | <br>বি-৫৪: রাস্তা বন্ধ (সাময়িক) | <br>বি-৫৫: আচমকা রাস্তার দিক পরিবর্তন (সাময়িক) | <br>বি-৫৬: চিত্রিত পোস্ট |

তথ্যমূলক চিহ্ন

| | | | |
|---|---|---|---|
| <br>সি-১: রাস্তা শেষ | <br>সি-২: পথচারী পারাপার | <br>সি-৩: পার্কিং স্থান | <br>সি-৪: ফিলিং স্টেশন |
| <br>সি-৫: বিকল যানবাহন মেরামত | <br>সি-৬: টেলিফোন। | <br>সি-৭: রাত্রি যাপন | <br>সি-৮: প্রাথমিক চিকিৎসা কেন্দ্র |
| <br>সি-৯: হাসপাতাল | <br>সি-১০: রিফ্রেসমেন্ট | <br>সি-১১: রেঁস্তোরা | <br>সি-১২: বনভোজন এলাকা |
| <br>সি-১৩: মসজিদ | <br>সি-১৪: মন্দির | <br>সি-১৫: গির্জা | <br>সি-১৬: অগ্নিনির্বাপন কেন্দ্র |
| <br>সি-১৭: শৌচাগার | <br>সি-১৮: পথচারী, সাইকেল ও রিকশা চলাচলের রুট | <br>সি-১৯: সাইকেল ও রিকশা লেন | <br>সি-২০: সামনে সাইকেল ও রিকশা লেন |

তথ্যমূলক চিহ্ন



সি-২১: অমনিবাস থামার স্থান




সি-২২: ট্যাক্সি পার্কিংয়ের স্থান




সি-২৩: পুলিশ স্টেশন




সি-২৪: টোল রাস্তা অথবা টোল সেতু




সি-২৫: শহরে বা নগরে প্রবেশ




সি-২৬: শহর বা নগর হইতে বহির্গমন




সি-২৭: পথচারীর রুট




সি-২৮: আগাম দিক নির্দেশক (জাতীয় মহাসড়ক)




সি-২৯: স্ট্যাক টাইপ আগাম দিক নির্দেশক (জাতীয় মহাসড়ক)




সি-৩০: স্ট্যাক টাইপ দিক নির্দেশক (সাধারণ সড়ক)

তথ্যমূলক চিহ্ন

<table>
<tr><td colspan="3">

সি-৩১: আগাম দিক নির্দেশক যাহা দুইয়ের অধিক লেন বিশিষ্ট একদিকে চলাচল সড়কে আগাম দিক নির্দেশনা প্রদান করিতে মাথার উপরে প্রদর্শিত।</td></tr>
<tr><td>

সি-৩২: জাতীয় মহাসড়ক</td><td></td><td>

সি-৩৩: নির্দেশক চিহ্ন (ছোট রাস্তা)</td></tr>
<tr><td>

সি-৩৪: বিকল্প রাস্তার চিহ্ন (অস্থায়ী বিকল্প রাস্তা)</td><td colspan="2">

সি-৩৫: রুট কনফার্মেশন চিহ্ন (জাতীয় মহাসড়ক)</td></tr>
</table>

## সম্পূরক প্লেট



ডি-১:



ডি-২:



ডি-৩:



ডি-৪:



ডি-৫:



ডি-৬:



ডি-৭:



ডি-৮:



ডি-৯:



ডি-১০:



ডি-১১:



ডি-১২:



ডি-১৩:



ডি-১৪:



ডি-১৫:



ডি-১৬:



ডি-১৭:



ডি-১৮:


ডি-১৯:


ডি-২০:


ডি-২১:


ডি-২২:


ডি-২৩:


ডি-২৪:


ডি-২৫:


ডি-২৬:


ডি-২৭:

## রোড মার্কিং

<table>
<tr>
<td rowspan="2"><br>এফ-৪: সিগন্যাল নিয়ন্ত্রিত পথচারী পারাপার।</td>
<td rowspan="3">ক্যারিজওয়ে<br><br>এফ-৫: লেন লাইন</td>
<td rowspan="3">বরাবর<br><br>এফ-৭: সতর্কতা লাইন।</td>
<td rowspan="3">ক্যারিজওয়ে<br><br>এফ-৯: ক্যারিজওয়ের প্রান্ত।</td>
<td rowspan="3">কিনারা বরাবর<br><br>এফ-১০: বর্ধিত তির্যক লাইন (সড়ক জংশনের মুখে)</td>
</tr>
<tr></tr>
<tr>
<td><br>এফ-৮: ট্রাফিক আইল্যান্ড- জরুরি প্রয়োজন ব্যতীত প্রবেশ নিষেধ।</td>
</tr>
<tr>
<td colspan="2"><br>ডি-১২: ট্রাফিক লেন নির্দেশক</td>
<td></td>
<td></td>
<td></td>
</tr>
</table>

## তফসিল-৩

## ভারী মোটরযান ও গণপরিবহণের চালকদের জন্য আবশ্যিক অতিরিক্ত বিষয়াবলি

[বিধি ১৭(৪) দ্রষ্টব্য]

ভারী মোটরযানের ড্রাইভিং লাইসেন্স ও গণপরিবহণ চালকের অনুমতিপত্র পাইবার নিমিত্তে নিম্নবর্ণিত সাধারণ ও কারিগরি বিষয়ে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে:

**সাধারণ:**

১। দৈনন্দিন ও সাপ্তাহিক কর্মঘণ্টা এবং ছুটির দিনে কর্মবিরতি
২। ট্রেইলারসহ মোটরযান চালাইবার বিধি-নিষেধ
৩। পার্বত্য অঞ্চলে মোটরযান চালনা
৪। রাস্তায় অকেজো মোটরযান টানিয়া অপসারণ করিবার সতর্কতা
৫। মোটরযান এবং উহার বিভিন্ন অংশ পরীক্ষা করা
৬। বোঝাইকৃত মোটরযানের অনুমোদিত ওজন, সর্বোচ্চ দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা
৭। গিয়ার ব্যবহার ব্যতীত মোটরযান নিয়ন্ত্রণ
৮। মোটরযানে ধূমপান ও মাদকদ্রব্য ব্যবহার রোধ
৯। মোটরযানে মালামাল বোঝাই করিবার ধরন
১০। সড়কের লেন বিধি প্রতিপালন
১১। মালবাহী মোটরযানে যাত্রী বহন
১২। গণপরিবহনে যাত্রীদের আচরণ
১৩। চালকের আচরণ ও কর্তব্য
১৪। মোটরযানে মোবাইল ফোনসহ ইলেকট্রনিক সরঞ্জাম ব্যবহারের বিধি-নিষেধ
১৫। সড়ক দুর্ঘটনায় দায়িত্ব
১৬। মোটরযানে প্রাথমিক চিকিৎসার বক্স (First Aid Box) সংরক্ষণ ও ব্যবহার
১৭। ক্ষতিকর পোকা-মাকড় দমনের ব্যবস্থা
১৮। মোটরযানে অগ্নিনির্বাপক যন্ত্র সংরক্ষণ ও ব্যবহার
১৯। মোটরযানে অত্যাবশ্যক মোবাইল নম্বর, মোটরযানের অভ্যন্তরে রেজিস্ট্রেশন নম্বর ইত্যাদি প্রদর্শন
২০। মহাসড়কে প্রদর্শিত সতর্কীকরণ বিজ্ঞপ্তি

**কারিগরি:**

১। মোটরযানের ওজন ও আকৃতি সম্পর্কে ধারণা
২। মোটরযান হইতে ধোঁয়া নিঃসরণ
৩। ট্রেইলার সংযুক্ত অবস্থায় মোটরযান চালনা
৪। মোটরযানে সংযুক্ত ট্রেইলারের রক্ষণাবেক্ষণ এবং বিভিন্ন ধরনের ব্রেক (হাইড্রোলিক, কম্প্রেস্ড হাওয়া, ভ্যাকুয়াম, যান্ত্রিক ইত্যাদি) এর ব্যবহার
৫। মোটরযানের বিভিন্ন ল্যাম্পের দীপনমাত্রা, হাইবিম, লো-বিম ইত্যাদি
৬। ফুয়েল পাম্প, কার্বুরেটর, ব্যাটারি, স্পার্কপ্লাগ, ক্লাচ, গিয়ারবক্স, স্টিয়ারিং সিস্টেম, ব্রেক প্রভৃতির কার্যক্ষমতা
৭। দূরের পথ অথবা এক দেশ হইতে অন্য দেশে ভ্রমণের ক্ষেত্রে স্পেয়ার পার্টস সঙ্গে নেওয়া
৮। মোটরযানের রুটিন মেইন্টেনেন্স

**তফসিল-৪**

**কতিপয় ট্রাফিক অপরাধের দোষসূচক পয়েন্ট কর্তন তালিকা**

[বিধি ২০(২) ও ২০(৩) দ্রষ্টব্য]

টেবিল

| ক্র. নং | বিষয় | দোষসূচক পয়েন্ট |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | ট্রাফিক সাইন ও সংকেত এর ব্যবহার মানিয়া চলা সংক্রান্ত ধারা ৪২ এর বিধান লঙ্ঘন | ১ |
| ২। | মোটরযানের বাণিজ্যিক ব্যবহার সংক্রান্ত ধারা ৩১ এর বিধান লঙ্ঘন | ১ |
| ৩। | গণপরিবহনে ভাড়ার চার্ট প্রদর্শন ও নির্ধারিত ভাড়ার অতিরিক্ত ভাড়া দাবি বা আদায় সংক্রান্ত ধারা ৩৪ এর বিধান লঙ্ঘন | ১ |
| ৪। | কন্ট্রাক্ট ক্যারিজের মিটার অবৈধভাবে পরিবর্তন বা অতিরিক্ত ভাড়া দাবি বা আদায় সংক্রান্ত ধারা ৩৫ এর বিধান লঙ্ঘন | ১ |
| ৫। | অতিরিক্ত ওজন বহন করিয়া মোটরযান চালানো সংক্রান্ত ধারা ৪৩ এর বিধান লঙ্ঘন | ২ |
| ৬। | মোটরযানের গতিসীমা নিয়ন্ত্রণ সংক্রান্ত ধারা ৪৪ এর বিধান লঙ্ঘন | ১ |
| ৭। | নির্ধারিত শব্দমাত্রার অতিরিক্ত উচ্চ মাত্রার কোনোরূপ শব্দ সৃষ্টি বা হর্ন বাজানো বা কোনো যন্ত্র, যন্ত্রাংশ বা হর্ন মোটরযানে স্থাপন সংক্রান্ত ধারা ৪৫ এর বিধান লঙ্ঘন | ১ |
| ৮। | পরিবেশ দূষণকারী, ঝুঁকিপূর্ণ ইত্যাদি মোটরযান চালনা বিধি-নিষেধ সংক্রান্ত ধারা ৪৬ এর বিধান লঙ্ঘন | ১ |
| ৯। | মোটরযান পার্কিং এবং যাত্রী বা পণ্য উঠানামার নির্ধারিত স্থান ব্যবহার সংক্রান্ত ধারা ৪৭ এর বিধান লঙ্ঘন | ১ |
| ১০। | দ্রুতগতির মোটরযান প্রবেশের ক্ষেত্রে মহাসড়কের ব্যবহার সংক্রান্ত ধারা ৪৮ এর বিধান লঙ্ঘন | ১ |
| ১১। | মোটরযান চলাচলের সাধারণ নির্দেশাবলি সংক্রান্ত ধারা ৪৯ এর বিধান লঙ্ঘন | ১ |
| ১২। | সড়ক দুর্ঘটনায় আহত ব্যক্তির চিকিৎসা সংক্রান্ত ধারা ৬২ এর বিধান লঙ্ঘন | ১ |
| ১৩। | ইচ্ছাকৃতভাবে পথ আটকাইয়া বা অন্য কোনোভাবে অন্যান্য মোটরযানের চলাচলে বাধা সৃষ্টি | ২ |

**তফসিল-৫**

**মালবাহী গাড়ির অনুমোদিত এক্সেল ওজন এবং লেডেন ওজন**

[বিধি ৩৫(১) দ্রষ্টব্য]

সারণী-১, এক্সেল ওজন

| ক্র. নং | এক্সেলের ধরন | এক এক্সেলের জন্য অনুমোদিত সর্বোচ্চ ওজন (টন) |
|---|---|---|
| ১। | ২ চাকাবিশিষ্ট স্টিয়ারিং/সামনের ১ এক্সেল | ৫.৫ |
| ২। | ৪ চাকাবিশিষ্ট পিছনে ১ এক্সেল | ১০.০ |
| ৩। | নিকটবর্তী ২ এক্সেল প্রতিটি এক্সেল ২ চাকা বিশিষ্ট (এক্সেল ২টির সেন্টার লাইন ২.৫ মিটারের বেশি হইবে না এবং ১.০২ মিটারের কম হইবে না) | ৬.২৫ |
| ৪। | নিকটবর্তী ২ এক্সেল প্রতিটি এক্সেল ৪ চাকাবিশিষ্ট | ৮.২৫ |
| ৫। | নিকটবর্তী ৩ এক্সেল প্রতিটি এক্সেল ২ চাকাবিশিষ্ট (প্রথম এক্সেল থেকে সর্বশেষ এক্সেলের সেন্টার লাইন ৩.২৫ মিটারের বেশি হইবে না) | ৪.৫ |
| ৬। | নিকটবর্তী ৩ এক্সেল প্রতিটি এক্সেল ৪ চাকাবিশিষ্ট | ৬.৫ |
| ৭। | নিকটবর্তী ৪ এক্সেল প্রতিটি এক্সেল ৪ চাকাবিশিষ্ট | ৫.৫ |

**সারণী-২, লেডেন ওজন (খালিগাড়ির ওজন + মালামালের ওজন)**

| ক্র. নং | মোট এক্সেল সংখ্যা | সংযুক্তির ধরন **(Type of Attachment)** | সর্বাপেক্ষা সামনে ও পিছনের এক্সেলের সেন্টার লাইনের মধ্যবর্তী দূরত্ব (মিটার) | অনুমোদিত সর্বোচ্চ লেডেন ওজন (টন) |
|---|---|---|---|---|
| ১। | ২ | দৃঢ়/অপরিবর্তনীয়, সিঙ্গেল স্টিয়ারিং এবং পিছনে ১ এক্সেল | ৩ বা তাহার চাইতে কম | ১৩.০ |
| ২। | ২ | দৃঢ়/অপরিবর্তনীয়, সিঙ্গেল স্টিয়ারিং এবং পিছনে ১ এক্সেল | ৩ এর বেশি | ১৫.০ |
| ৩। | ৩ | দৃঢ়/অপরিবর্তনীয়, সিঙ্গেল স্টিয়ারিং এবং নিকটবর্তী পিছনের ২ এক্সেল | ৪ এর বেশি | ২২.০ |

| ক্র. নং | মোট এক্সেল সংখ্যা | সংযুক্তির ধরন (Type of Attachment) | সর্বাপেক্ষা সামনে ও পিছনের এক্সেলের সেন্টার লাইনের মধ্যবর্তী দূরত্ব (মিটার) | অনুমোদিত সর্বোচ্চ লেডেন ওজন (টন) |
|---|---|---|---|---|
| ৪। | ৩ | ২ এক্সেলের প্রাইম মুভার এবং সিঙ্গেল এক্সেল ট্রেইলার | ৫ এর বেশি | ২৫.০ |
| ৫। | ৪ | দৃঢ়/অনমনীয়, সিঙ্গেল স্টিয়ারিং এবং নিকটবর্তী পিছনের ৩ এক্সেল | ৫ এর বেশি | ২৫.০ |
| ৬। | ৪ বা ততোধিক | দৃঢ়/অনমনীয়, সিঙ্গেল/দ্বৈত স্টিয়ারিং, সিঙ্গেল মধ্যবর্তী এবং নিকটবর্তী পিছনের ২ এক্সেল | ৭ এর বেশি | ৩০.০ |
| ৭। | ৪ | আর্টিকুলেটেড, ২ এক্সেল প্রাইম মুভার এবং নিকটবর্তী ২ এক্সেল ট্রেইলার | ৮ এর বেশি | ৩২.০ |
| ৮। | ৪ | ২ এক্সেল প্রাইম মুভার এবং নিকটবর্তী নহে এইরূপ ২ এক্সেল | ৮ এর বেশি | ৩৩.০ |
| ৯। | ৫ | আর্টিকুলেটেড, ২ এক্সেল প্রাইম মুভার এবং নিকটবর্তী ৩ এক্সেল ট্রেইলার | ৯ এর বেশি | ৩৫.০ |
| ১০। | ৫ | আর্টিকুলেটেড, ৩ এক্সেল প্রাইম মুভার এবং নিকটবর্তী ২ এক্সেল ট্রেইলার | ১০ এর বেশি | ৩৮.০ |
| ১১। | ৬ | আর্টিকুলেটেড, ৩ এক্সেল প্রাইম মুভার এবং নিকটবর্তী ৩ এক্সেল ট্রেইলার | ১০ এর বেশি | ৪১.০ |
| ১২। | ৭ | আর্টিকুলেটেড, ৩ এক্সেল প্রাইম মুভার এবং নিকটবর্তী ৪ এক্সেল ট্রেইলার | ১০ এর বেশি | ৪৪.০ |

বাংলাদেশে জনসাধারণের ব্যবহার্য রাস্তা বা মহাসড়কে চলাচলের ক্ষেত্রে মোটরযানের (ট্রেইলারসহ) যে কোনো এক্সেলের সর্বোচ্চ ওজন বা সর্বোচ্চ লেডেন/ট্রেইন ওজন অথবা উহার কোনো সংযুক্তি ইহার সর্বোচ্চ ওজন উপরে বর্ণিত সারণীর ওজনসীমার চেয়ে বেশি হইবে না:

তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষ জনস্বার্থে ডিজাইন ও ব্যবহারের উদ্দেশ্য বিবেচনা করিয়া বিশেষ অনুমতিপত্র প্রদানপূর্বক শর্ত সাপেক্ষে নির্ধারিত রুট বা এলাকায় নির্দিষ্ট সময়ের জন্য বিশেষ ধরনের মোটরযানকে নিরাপদ মনে করিলে ব্যবহারের অনুমতি প্রদান করিতে পারিবে:

আরও শর্ত থাকে যে, যে কোনো স্টিয়ারিং এক্সেলের ওজন—

(ক) গাড়ির সবগুলি এক্সেলের এক্সেল ওজনের সমষ্টির ১০% এর কম হইবে না (আর্টিকুলেকটেড মোটরযানের ক্ষেত্রে);

(খ) গাড়ির পিছনের এক্সেল ওজনের ৫৫% এর বেশি হইবে না (দুই এক্সেল বিশিষ্ট রিজিড গাড়ির ক্ষেত্রে):

তবে শর্ত থাকে যে, যেইখানে সেন্টার লাইনের মধ্যবর্তী দূরত্ব সারণী-২ এ বর্ণিত যে কোনো দূরত্বের মধ্যে থাকে সেই ক্ষেত্রে পরপর সজ্জিত এক্সেলসমূহ বা গ্রুপ এর মোট ওজন আনুপাতিক হারে নির্ধারিত হইবে, এবং ওই গাড়ির লেডেন/ট্রেইন ওজন প্রতি মিটার ৪,৫০০ কিলোগ্রাম হিসাবে সর্বাপেক্ষা সামনে ও পেছনের মধ্যকার দূরত্বের মোট ওজনের চেয়ে বেশি হইবে না যেমন ৩.৫ মিটার দূরত্বের জন্য লেডেন/ট্রেইন ওজন ৪,৫০০X৩.৫=১৫,৭৫০ কিলোগ্রাম এর বেশি হইবে না। অনুরূপভাবে ৪ মিটার দূরত্বের জন্য ওজন ৪,৫০০X৪=১৮,০০০ কিলোগ্রাম এর বেশি হইবে না। এবং ৭ এক্সেলের বেশি হইলে অতিরিক্ত প্রতি এক্সেলের জন্য ২,৫০০ কিলোগ্রাম এর বেশি হইবে না।

২। সারণী-১ এ বর্ণিত এক্সেল ওজনসীমা সাপেক্ষে, কোনো নির্দিষ্ট এক্সেলের এক্সেল ওজন হইবে ওই এক্সেলের প্রতিটি টায়ারের জন্য অনুমোদিত (প্রস্তুতকারক নির্ধারিত) ওজনের সমষ্টি অথবা প্রস্তুতকারক কর্তৃক নির্ধারিত সর্বোচ্চ এক্সেল ওজন, যেটি কম, এর সমান। যে কোনো মধ্যবর্তী (সর্বাপেক্ষা সামনে অথবা সর্বাপেক্ষা পেছনের নয়) এক্সেল ওজন ৮.২৫ টনের বেশি হইবে না।

৩। উপরের সারণী দুইটিতে বর্ণিত সর্বোচ্চ এক্সেল ওজন এবং লেডেন ওজন সাপেক্ষে, দুই এক্সেল বিশিষ্ট যে মোটরযানের সেন্টার লাইনের দূরত্ব ৩ (তিন) মিটারের কম, সেই মোটরযানের এক্সেল ওজন ৯ (নয়) টনের বেশি হইবে না:

তবে শর্ত থাকে যে, সর্বোচ্চ লেডেন/ট্রেইন ওজন, আর্টিকুলেটেড মোটরযানের ক্ষেত্রে ৪৮ টন এবং অন্যান্য ক্ষেত্রে ৩২ টন এর বেশি হইবে না:

আরও শর্ত থাকে যে, লেডেন বা আনলেডেন ওজন যাই হোক না কেনো, সবগুলি ট্রেইলারের মোট সর্বোচ্চ ওজন, লোকোমেটিভ দ্বারা যে কোনো সময় বহনের ক্ষেত্রে ৪৮ টনের বেশি হইতে পারিবে না।

৪। ওপরের সারণী দুইটিতে বর্ণিত এক্সেল ওজন এবং লেডেন/ট্রেইন ওজনসীমা সর্বদা রেজিস্ট্রেশন কর্তৃপক্ষ কর্তৃক রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রত্যায়িত সর্বোচ্চসীমা অনুযায়ী নির্ধারণ করিতে হইবে, যদি এই বিষয়ে কোনো প্রশ্ন দেখা দেয়।

৫। ওপরের সারণী দুইটিতে বর্ণিত এক্সেল ওজন এবং লেডেন/ট্রেইন ওজন নির্ধারণে কোনো প্রশ্ন দেখা দিলে সেইক্ষেত্রে রেজিস্ট্রেশন কর্তৃপক্ষ কর্তৃক রেজিস্ট্রেশন সনদে প্রত্যায়িত সর্বোচ্চ সীমা অনুযায়ী উহা নির্ধারিত হইবে। কোনো মোটরযানের টায়ারের আকার-আকৃতি ও প্রস্তুতকারকের ম্যানুয়াল অনুযায়ী সর্বোচ্চ নিরাপদ ওজন হিসাব করিয়া তাহা নিবন্ধন সনদে লিপিবদ্ধ করিতে হইবে।

**তফসিল-৬**

**রেজিস্ট্রেশন মার্ক**

[বিধি ৩৬(১) দ্রষ্টব্য]

প্রথম কলামে বর্ণিত এলাকা বা জেলার জন্য দ্বিতীয় কলামে উল্লিখিত নাম (সেই সহিত গাড়ির শ্রেণির বর্ণনার জন্য নামের সহিত সরকার কর্তৃক নির্ধারিত হরফ কিংবা হরফসমূহ) মোটরযানসমূহের রেজিস্ট্রেশন মার্ক হিসাবে ব্যবহৃত হইবে। প্রথম কলামে বর্ণিত এলাকা বা জেলার উপর কর্তৃত্বকারী রেজিস্ট্রেশন কর্তৃপক্ষ অনুরূপ রেজিস্ট্রেশন মার্ক প্রদান করিবেন।

| ক্রমিক নং | প্রথম কলাম | দ্বিতীয় কলাম |
|---|---|---|
| ১। | ঢাকা জেলা (ঢাকা মেট্রোপলিটন এলাকা ব্যতীত) | ঢাকা |
| ২। | ঢাকা মেট্রোপলিটন এলাকা | ঢাকা মেট্রো |
| ৩। | নারায়ণগঞ্জ | নারায়ণগঞ্জ |
| ৪। | মুন্সীগঞ্জ | মুন্সীগঞ্জ |
| ৫। | নরসিংদী | নরসিংদী |
| ৬। | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| ৭। | গাজীপুর জেলা (গাজীপুর মেট্রোপলিটন এলাকা ব্যতীত) | গাজীপুর |
| ৮। | গাজীপুর মেট্রোপলিটন এলাকা | গাজীপুর মেট্রো |
| ৯। | কিশোরগঞ্জ | কিশোরগঞ্জ |
| ১০। | শেরপুর | শেরপুর |
| ১১। | নেত্রকোনা | নেত্রকোনা |
| ১২। | টাঙ্গাইল | টাঙ্গাইল |
| ১৩। | জামালপুর | জামালপুর |
| ১৪। | ময়মনসিংহ | ময়মনসিংহ |
| ১৫। | ফরিদপুর | ফরিদপুর |
| ১৬। | রাজবাড়ী | রাজবাড়ী |
| ১৭। | শরীয়তপুর | শরীয়তপুর |
| ১৮। | মাদারীপুর | মাদারীপুর |
| ১৯। | গোপালগঞ্জ | গোপালগঞ্জ |

| ক্রমিক নং | প্রথম কলাম | দ্বিতীয় কলাম |
|---|---|---|
| ২০। | চট্টগ্রাম জেলা (চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকা ব্যতীত) | চট্টগ্রাম |
| ২১। | চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকা | চট্ট মেট্রো |
| ২২। | রাঙ্গামাটি | রাঙ্গামাটি |
| ২৩। | বান্দরবান | বান্দরবান |
| ২৪। | খাগড়াছড়ি | খাগড়াছড়ি |
| ২৫। | কক্সবাজার | কক্সবাজার |
| ২৬। | নোয়াখালী | নোয়াখালী |
| ২৭। | লক্ষ্মীপুর | লক্ষ্মীপুর |
| ২৮। | চাঁদপুর | চাঁদপুর |
| ২৯। | ফেনী | ফেনী |
| ৩০। | কুমিল্লা | কুমিল্লা |
| ৩১। | দিনাজপুর | দিনাজপুর |
| ৩২। | বগুড়া | বগুড়া |
| ৩৩। | রংপুর জেলা (রংপুর মেট্রোপলিটন এলাকা ব্যতীত) | রংপুর |
| ৩৪। | রংপুর মেট্রোপলিটন এলাকা | রংপুর মেট্রো |
| ৩৫। | খুলনা জেলা (খুলনা মেট্রোপলিটন এলাকা ব্যতীত) | খুলনা |
| ৩৬। | খুলনা মেট্রোপলিটন এলাকা | খুলনা মেট্রো |
| ৩৭। | যশোর | যশোর |
| ৩৮। | সাতক্ষীরা | সাতক্ষীরা |
| ৩৯। | বাগেরহাট | বাগেরহাট |
| ৪০। | চুয়াডাঙ্গা | চুয়াডাঙ্গা |
| ৪১। | মাগুরা | মাগুরা |
| ৪২। | কুষ্টিয়া | কুষ্টিয়া |
| ৪৩। | নড়াইল | নড়াইল |
| ৪৪। | মেহেরপুর | মেহেরপুর |
| ৪৫। | ঝিনাইদহ | ঝিনাইদহ |
| ৪৬। | বরিশাল জেলা (বরিশাল মেট্রোপলিটন এলাকা ব্যতীত) | বরিশাল |

| ক্রমিক নং | প্রথম কলাম | দ্বিতীয় কলাম |
|---|---|---|
| ৪৭। | বরিশাল মেট্রোপলিটন এলাকা | বরিশাল মেট্রো |
| ৪৮। | পটুয়াখালী | পটুয়াখালী |
| ৪৯। | ভোলা | ভোলা |
| ৫০। | ঝালকাঠি | ঝালকাঠি |
| ৫১। | পিরোজপুর | পিরোজপুর |
| ৫২। | বরগুনা | বরগুনা |
| ৫৩। | রাজশাহী জেলা (রাজশাহী মেট্রোপলিটন এলাকা ব্যতীত) | রাজশাহী |
| ৫৪। | রাজশাহী মেট্রোপলিটন এলাকা | রাজ মেট্রো |
| ৫৫। | পাবনা | পাবনা |
| ৫৬। | নাটোর | নাটোর |
| ৫৭। | চাঁপাইনওয়াবগঞ্জ | নওয়াবগঞ্জ |
| ৫৮। | নওগাঁ | নওগাঁ |
| ৫৯। | জয়পুরহাট | জয়পুরহাট |
| ৬০। | সিরাজগঞ্জ | সিরাজগঞ্জ |
| ৬১। | পঞ্চগড় | পঞ্চগড় |
| ৬২। | নীলফামারী | নীলফামারী |
| ৬৩। | গাইবান্ধা | গাইবান্ধা |
| ৬৪। | লালমনিরহাট | লালমনিরহাট |
| ৬৫। | ঠাকুরগাঁও | ঠাকুরগাঁও |
| ৬৬। | কুড়িগ্রাম | কুড়িগ্রাম |
| ৬৭। | সিলেট জেলা (সিলেট মেট্রোপলিটন এলাকা ব্যতীত) | সিলেট |
| ৬৮। | সিলেট মেট্রোপলিটন এলাকা | সিলেট মেট্রো |
| ৬৯। | ব্রাহ্মণবাড়িয়া | ব্রাহ্মণবাড়িয়া |
| ৭০। | হবিগঞ্জ | হবিগঞ্জ |
| ৭১। | সুনামগঞ্জ | সুনামগঞ্জ |
| ৭২। | মৌলভীবাজার | মৌলভীবাজার |

**তফসিল-৭**

**মোটরযানের শ্রেণি অনুযায়ী রেজিস্ট্রেশন নম্বরের প্রতীক**

[বিধি ৩৬(১) দ্রষ্টব্য]

| ক্রমিক নং | মোটরযানের শ্রেণি | প্রতীক | শুরু | শেষ | বডির ধরন |
|---|---|---|---|---|---|
| ১। | কৃষিকাজে ব্যবহৃত মোটরযান | E (ই) | ১১ | ৬০ | পাওয়ার টিলার/ ট্রাক্টর |
| ২। | অটোরিকশা | DAW (দ) | ১১ | ৯৯ | অটোরিকশা (প্রাইভেট) |
| ৩। | মোটরক্যাব রিকশা | TAW (থ) | ১১ | ৯৯ | অটোরিকশা (ভাড়ায় চালিত) |
| ৪। | অটোটেম্পু (প্রাইভেট) | WUA (ঙ) | ১১ | ৯৯ | অটোটেম্পু |
| ৫। | অটোটেম্পু (পাবলিক) | FA (ফ) | ১১ | ৯৯ | অটোটেম্পু |
| ৬। | ডেলিভারি ভ্যান (২.৫ টন পর্যন্ত) | MA (ম) | ৫১ | ৯৯ | ডেলিভারি ভ্যান/মিনি ট্রাক/থ্রি-হুইল ভ্যান/থ্রি-হুইল ট্রাক |
| ৭। | দ্বৈত উদ্দেশ্য মোটরযান | THA (ঠ) | ১১ | ৯৯ | ডাবল কেবিন পিকআপ/সিঙ্গেল কেবিন পিকআপ/প্রিজন ভ্যান/ সিকিউরিটি ভ্যান/স্ট্যান্ডার্ড ভ্যান/ ট্রুপ ক্যারেজ/প্যানেল ভ্যান |
| ৮। | স্বাস্থ্য পরিষেবা মোটরযান | CAA (ছ) | ৭১ | ৯৯ | অ্যাম্বুলেন্স |
| ৯। | ভারী ব্যক্তিগত মালবাহী মোটরযান | U (উ) | ১১ | ৯৯ | বোতল ক্যারিয়ার/কার্গো ট্রাক (বদ্ধ/উন্মুক্ত)/কার্গো ভ্যান/ রেফ্রিজারেটর ভ্যান/টিপার/ডি-মাউন্টেবল ট্র্যাক |
| ১০। | ভারী পাবলিক মালবাহী মোটরযান | TA (ট) | ১১ | ৯৯ | প্রযোজ্য ক্ষেত্রে |
| ১১। | হালকা ব্যক্তিগত মালবাহী মোটরযান | MA (ম) | ১১ | ৫০ | প্রযোজ্য ক্ষেত্রে |
| ১২। | হালকা পাবলিক পণ্যবাহী মোটরযান | NA (ন) | ১১ | ৯৯ | প্রযোজ্য ক্ষেত্রে |
| ১৩। | মধ্যম ব্যক্তিগত পণ্যবাহী মোটরযান | AU (অ) | ১১ | ৯৯ | প্রযোজ্য ক্ষেত্রে |
| ১৪। | মধ্যম পাবলিক পণ্যবাহী মোটরযান | DA (ড) | ১১ | ৯৯ | প্রযোজ্য ক্ষেত্রে |

| ক্রমিক নং | মোটরযানের শ্রেণি | প্রতীক | শুরু | শেষ | বডির ধরন |
|---|---|---|---|---|---|
| ১৫। | মোটরকার (১৩০১-২০০০ কিউবিক সেন্টিমিটার পর্যন্ত) | GA (গ) | ১১ | ৯৯ | মোটরকার/মোটরকার (এস্টেট)/ মোটরকার (হ্যাচ ব্যাক)/ মোটরকার (সেলুন)/মোটরকার (সেডান)/মোটরকার (ক্রীড়া) |
| ১৬। | মোটরকার (১০০১-১৩০০ কিউবিক সেন্টিমিটার পর্যন্ত) | KHA (খ) | ১১ | ৯৯ | প্রযোজ্য ক্ষেত্রে |
| ১৭। | মোটরকার (১০০০ কিউবিক সেন্টিমিটার পর্যন্ত) | KA (ক) | ১১ | ৯৯ | প্রযোজ্য ক্ষেত্রে |
| ১৮। | মোটরকার (২০০০ কিউবিক সেন্টিমিটার এর উর্ধ্বে) | BHA (ভ) | ১১ | ৯৯ | প্রযোজ্য ক্ষেত্রে |
| ১৯। | মোটর সাইকেল (১২৫ কিউবিক সেন্টিমিটার এর বেশি) | LA (ল) | ১১ | ৯৯ | স্কুটার/মোটর সাইকেল |
| ২০। | মোটর সাইকেল (৫১-১২৫ কিউবিক সেন্টিমিটার পর্যন্ত) | HA (হ) | ১১ | ৯৯ | প্রযোজ্য ক্ষেত্রে |
| ২১। | মোটর সাইকেল (৫০ কিউবিক সেন্টিমিটার পর্যন্ত) | A (এ) | ১১ | ৯৯ | প্রযোজ্য ক্ষেত্রে |
| ২২। | রাষ্ট্রপতির কার্যালয়ের মোটরযান | RA (র) | ১১ | ৯৯ | যাত্রী/পণ্যবাহী মোটরযান |
| ২৩। | প্রধানমন্ত্রীর কার্যালয়ের মোটরযান | ZA (য) | ১১ | ৯৯ | যাত্রী/পণ্যবাহী মোটরযান |
| ২৪। | প্রাইভেট আর্টিকুলেটেড মোটরযান | DHA (ঢ) | ৬১ | ৮০ | আর্টিকুলেটেড ট্রাক/লোকোমোটিভ/প্রাইম মুভার/ ইন্ডাস্ট্রিয়াল ট্রাক্টর |
| ২৫। | প্রাইভেট মাইক্রোবাস | CHA (চ) | ১১ | ৫০ | মাইক্রোবাস |
| ২৬। | জিপ | GHA (ঘ) | ১১ | ৯৯ | হার্ড জিপ/সফট জিপ/স্টেশন ওয়াগন |

| ক্রমিক নং | মোটরযানের শ্রেণি | প্রতীক | শুরু | শেষ | বডির ধরন |
|---|---|---|---|---|---|
| ২৭। | প্রাইভেট সার্ভিস মাইক্রোবাস (প্রতিষ্ঠানের ক্ষেত্রে) | CHA (চ) | ৫১ | ৯৯ | মাইক্রোবাস |
| ২৮। | প্রাইভেট সার্ভিস মিনিবাস | JHA (ঝ) | ১১ | ৯৯ | অমনিবাস/ভ্রমণ কোচ/লাক্সারি কোচ/ স্কুল বাস |
| ২৯। | প্রাইভেট সার্ভিস অমনিবাস | SA (স) | ১১ | ৯৯ | চালকসহ ৩২ বা তদূর্ধ্ব আসন বিশিষ্ট অমনিবাস |
| ৩০। | প্রাইভেট ট্যাংকলরি | DHA (ঢ) | ১১ | ৪০ | প্রাইভেট ট্যাংকার |
| ৩১। | প্রাইভেট ট্রেইলার | E (ই) | ৬১ | ৮০ | সেমি ট্রেইলার/ড্রবার ট্রেইলার/লোবেড ট্রেইলার |
| ৩২। | ভাড়ায় চালিত আর্টিকুলেটেড মোটরযান | DHA (ঢ) | ৮১ | ৯৯ | আর্টিকুলেটেড ট্রাক/লোকোমোটিভ |
| ৩৩। | ভাড়ায় চালিত মাইক্রোবাস | CAA (ছ) | ১১ | ৭০ | মাইক্রোবাস/হিউম্যান হলার |
| ৩৪। | ভাড়ায় চালিত মিনিবাস | JA (জ) | ১১ | ৯৯ | মিনিবাস |
| ৩৫। | ভাড়ায় চালিত অমনিবাস | BA (ব) | ১১ | ৯৯ | চালকসহ ৩২ বা তদূর্ধ্ব আসন বিশিষ্ট বাস |
| ৩৬। | ভাড়ায় চালিত ট্যাংকলরি | DHA (ঢ) | ৪১ | ৬০ | ট্যাংকার রিজিট/আর্টিকুলেটেড ট্যাংকার |
| ৩৭। | ভাড়ায় চালিত ট্রেইলার | E (ই) | ৮১ | ৯৯ | ট্রেইলার |
| ৩৮। | বিশেষ উদ্দেশ্যে ব্যবহৃত মোটরযান | SHA (শ) | ১১ | ৯৯ | ক্লিনিং যানবাহন/কংক্রিট মিক্সার/ আর্থ ডিগার/ রিমুভার ফ্রক লিফট/ গ্র্যাইন্ডার/লোডার/ মোবাইল ক্রেন/ পে-লোডার/টো ট্রাক |
| ৩৯। | ট্যাক্সি সার্ভিস | PA (প) | ১১ | ৯৯ | ট্যাক্সি ক্যাব |

**তফসিল-৮**

**মোটরযান রেজিস্ট্রেশন আবেদনের সহিত দাখিলিতব্য দলিলসমূহ**

[বিধি ৩৪(১) দ্রষ্টব্য]

১। একাধিক ব্যক্তি যৌথভাবে কোনো মোটরযানের মালিক হইলে সেইক্ষেত্রে একজনের নামে রেজিস্ট্রেশনের জন্য সকলের সম্মতি সম্বলিত হলফনামা। তবে—

- প্রতিষ্ঠান/কোম্পানির ক্ষেত্রে স্বাক্ষর ও সিলমোহর; এবং

- ব্যাংক অথবা অর্থলগ্নি প্রতিষ্ঠানের সহিত মোটরযানের মালিকানার আর্থিক সংশ্লিষ্টতা থাকিলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্যাডে রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ বরাবর আবেদন;

২। বিল অব এন্ট্রি, ইনভয়েস, বিল অব লেডিং ও এলসি এর কপি;

৩। সেল সার্টিফিকেট/সেল ইন্টিমেশন/বিক্রয় প্রমাণপত্র (আমদানিকারক/বিক্রেতা প্রদত্ত);

৪। প্যাকিং লিস্ট, ডেলিভারী চালান ও গেইট পাশ (সিকেডি মোটরযানের ক্ষেত্রে);

৫। TIN সার্টিফিকেট এবং অগ্রিম/অনুমিত আয়কর প্রদানের প্রমাণপত্র;

৬। বিদেশি নাগরিকের নামে রেজিস্ট্রেশন/মালিকানা হস্তান্তর হইলে বাংলাদেশের ওয়ার্ক পারমিট এবং ভিসার মেয়াদের তথ্য;

৭। (ক) মূসক-১ (প্রযোজ্য ক্ষেত্রে), (খ) মূসক-১১(ক)/ভ্যাট (প্রযোজ্য ক্ষেত্রে), (গ) ভ্যাট পরিশোধের চালান (প্রযোজ্য ক্ষেত্রে)

৮। প্রস্তুতকারক/কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত বডি ও আসন ব্যবস্থার স্পেসিফিকেশন সম্বলিত ড্রইং (বাস, ট্রাক, হিউম্যান হলার, ডেলিভারি ভ্যান, অটো টেম্পু ইত্যাদি মোটরযানের ক্ষেত্রে);

৯। সিকেডি মোটরযানের ক্ষেত্রে কর্তৃপক্ষের টাইপ অনুমোদন ও অনুমোদিত সংযোজনী তালিকা;

১০। বডি ভ্যাট চালান ও ভ্যাট পরিশোধের রসিদ (প্রযোজ্য ক্ষেত্রে);

১১। প্রযোজ্য রেজিস্ট্রেশন ফি জমাদানের রসিদ;

১২। কাস্টমস্ কর্তৃপক্ষ ও জাতীয় রাজস্ব বোর্ডের ছাড়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে);

১৩। ব্যক্তি মালিকানাধীন আবেদনকারীর ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র/ পাসপোর্ট/টেলিফোন বিল/বিদ্যুৎ বিল ইত্যাদির যে-কোনোটির সত্যায়িত ফটোকপি এবং মালিক প্রতিষ্ঠান হলে প্রতিষ্ঠানের প্যাডে চিঠি;

১৪। নিলামে ক্রয়কৃত প্রতিরক্ষা বিভাগের মোটরযানের ক্ষেত্রে লগবুকে বর্ণিত প্রস্তুতকাল ও প্রস্তুতকারকের বিস্তারিত বিবরণ সম্বলিত ভারপ্রাপ্ত কর্মকর্তা প্রদত্ত ছাড়পত্র;

১৫। নিলামে ক্রয়কৃত সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের মোটরযানের ক্ষেত্রে নিলাম সংক্রান্ত কাগজপত্র এবং মেরামতের বিস্তারিত বিবরণ;

১৬। রিকন্ডিশন্ড মোটরযান রেজিস্ট্রেশনের ক্ষেত্রে নিম্নোক্ত অতিরিক্ত কাগজপত্র প্রয়োজন হইবে—

(ক) ‘টিও’ ফরম (ক্রেতা কর্তৃক স্বাক্ষরিত), ‘টিটিও’ ফরম ও বিক্রয় রসিদ (আমদানিকারক কর্তৃক স্বাক্ষরিত);

(খ) ডি-রেজিস্ট্রেশন সার্টিফিকেটের মূল কপি এবং ডি-রেজিস্ট্রেশনের ইংরেজি অনুবাদের সত্যায়িত কপি (সার্টিফিকেট অব ক্যানসেলেশন এর সত্যায়িত কপি);

(গ) এক কপিতে একাধিক মোটরযানের বর্ণনা থাকিলে মূলকপি প্রদর্শনপূর্বক সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/বিভাগ কর্তৃক সত্যায়িত কপি দাখিল করা যাইবে;

১৮। কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় চাহিত দলিলাদি।

**তফসিল-৯**

**বিদেশি ৭ ব্যক্তিগণের অনুকূলে মোটরযান রেজিস্ট্রেশন সংক্রান্ত প্রযোজ্য তালিকা**

[বিধি ৩৯(৭)(অ) দ্রষ্টব্য]

| ক্রমিক নং | বরাদ্দকৃত রেজিস্ট্রেশন নম্বর | আন্তর্জাতিক সংস্থাসমূহের তালিকা |
|---|---|---|
| ১। | এ জ ত বা A JA TAW | ইউনিসেফ (UNICEF) |
| ২। | এ ল থ বা A LA TAW | ডিএফআইডি (DFID), বৃটিশ হাই কমিশন |
| ৩। | এ ট ক বা A TA KA | জাইকা (JICA) |
| ৪। | এ জ স বা A JA SA | ইউএনডিপি, এফএও, আইওএম (UNDP, FAO, IOM) |
| ৫। | এ ব ন বা A BA NA | জিআইজেড (GIZ) |
| ৬। | এ জ খ বা A JA KHA | ডব্লিউএফপি (WFP) |
| ৭। | এ ম ক বা A MA KA | আইসিডিডিআর'বি (ICDDR'B), USAID, AOB, The Asia Foundation |
| ৮। | এ ক দ বা A KA DWA | কইকা (KOICA) |
| ৯। | এ জ ব বা A JA BA | ওয়ার্ল্ড ব্যাংক, আইএফসি (World Bank, IFC) |
| ১০। | এ জ হ বা A JA HA | হু (WHO) |
| ১১। | এ জ জ বা A JA JA | ইউএনএফপিএ (UNFPA) |
| ১২। | এ জ ল বা A JA LA | আইএলও (ILO) |
| ১৩। | এ ফ প বা A FA PA | ইরি (IRRI) |
| ১৪। | এ জ ন বা A JA NA | ইউএনএইচসিআর (UNHCR) |
| ১৫। | এ ড ম বা A DA MA | রয়াল ড্যানিশ অ্যাম্বাসির সাহায্য সংস্থা (AGENCIES FUNDED BY ROYAL DANISH EMBASSY) |
| ১৬। | এ জ উ বা A JA OWE | এডিবি (ADB) |
| ১৭। | এ স দ বা A SA DA | সৌদি বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্ড এগরিকলচারাল ইনভেস্টমেন্ট কোম্পানি লিমিটেড (SAUDI BANGLADESH INDUSTRIAL & AGRICULTURUL INVESTMENT COMPANY LIMITED) |
| ১৮। | এ জ ই বা A JA E | আইইউটি (IUT) |
| ১৯। | এ জ গ বা A JA GA | সিরডাপ (CIRDAP) |
| ২০। | এ জ অ বা A JA AU | আইএমএফ (IMF) |
| ২১। | এ জ দ বা A JA DWA | ইউএনআইসি, আইডিবি (UNIC, IDB) |
| ২২। | এ জ প বা A JA PA | আইজেও (IJO) |

**ফরম-১**

**শিক্ষানবিশ ড্রাইভিং লাইসেন্স আবেদন**

[বিধি ৬(২) দ্রষ্টব্য]

| স্ট্যাম্প সাইজ রঙিন ছবি ৩ (তিন) কপি |
|---|

বরাবর

ড্রাইভিং লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ
........................ মেট্রো/জেলা
বাংলাদেশ সড়ক পরিবহণ কর্তৃপক্ষ

আমি নিম্নবর্ণিত শ্রেণির মোটরযান চালাইবার জন্য পেশাদার/অপেশাদার শিক্ষানবিশ ড্রাইভিং লাইসেন্সের জন্য আবেদন করিতেছি:

(প্রযোজ্য ক্ষেত্রে ☑ চিহ্ন দিন)

☐ মোটর সাইকেল
☐ থ্রি হুইলার মোটরযান (অটোরিকশা, মোটরক্যাব রিকশা, অটোটেম্পু)
☐ হালকা মোটরযান
☐ মধ্যম মোটরযান
☐ ভারী মোটরযান
☐ বিশেষ ধরনের মোটরযান (যেমন-আর্টিকুলেটেড মোটরযান, প্রাইম মুভার, ট্রাক্টর, ক্রেন, ইত্যাদি)
☐ প্রতিবন্ধীবান্ধব মোটরযান

১। নাম: (১) বাংলা: ------------------------------------------------------------------
Name: (2) English: --------------------------------------------------------------
২। পিতার নাম: (১) বাংলা: -----------------------------------------------------------------
Father's Name: (2) English: ---------------------------------------------------
৩। মাতার নাম: (১) বাংলা: -----------------------------------------------------------------
Mother's Name: (2) English:-----------------------------------------------
৪। ঠিকানা: (ক) স্থায়ী:-------------------------------------------------------------------------
Address: (a) Permanent: ------------------------------------------------------
(খ) বর্তমান: ------------------------------------------------------------------
(b) Present: --------------------------------------------------------------
৫। (ক) জন্ম তারিখ:------------------------ ---- (খ) রক্তের গ্রুপ: ----------------------
(a) Date of Birth: -------------------- (b) Blood Group: --------------

৬। পূর্বের লাইসেন্সের বিবরণ (যদি থাকে): --------------------------------------------------

Description of previous Driving License: ---------------------------------

৭। পূর্বের শিক্ষানবিশ লাইসেন্সের বিবরণ (যদি থাকে): -------------------------------------

Description of previous Learner's License: ------------------------------

৮। জাতীয় পরিচয়পত্র নম্বর: ----- -------------------------------------------------------

Passport Number (For Foreigner): ------------------- ---------------------

৯। আবেদনকারীর ই-মেইল আইডি ও মোবাইল ফোন নম্বর: ---------------------------------

Email ID:--------- ------ Cell Phone:-------------------------------

তারিখ: -------------------------------

Date: -------------------------------

সংযুক্তি (Attachment):

১। ফি জমার প্রমাণপত্র (Fee Deposit Slip)

২। বয়সের প্রমাণপত্র

৩। স্থায়ী ও বর্তমান ঠিকানার প্রমাণপত্র

৪। ফরম-২ এ মেডিকেল সার্টিফিকেট

৫। Copy of Passport (For Foreigner)

৬। Work Permit (if applicable)

প্রার্থীর স্বাক্ষর (Signature of Applicant)

(১)

(২)

(৩)

(বিঃ দ্রঃ অপেশাদার চালকের ক্ষেত্রে অন্যূন বয়স ১৮ বৎসর ও পেশাদার চালকের ক্ষেত্রে ২১ বৎসর হইতে হইবে।)

Minimum age 18 years for non-professional & 21 years for professional.

**ফরম-২**

**ড্রাইভিং লাইসেন্সের জন্য মেডিকেল সার্টিফিকেট**

[বিধি ৬(২)(খ) ও ৭(খ) দ্রষ্টব্য]

(রেজিস্টার্ড ডাক্তার কর্তৃক পূরণ করিতে হইবে)

১। নাম: ---------------------------------------------------------------------------------

২। প্রার্থীর বয়স: ---------------------------------------------------------------------------------

৩। (ক) দৃষ্টিশক্তির কোনো ত্রুটি আছে কি? থাকিলে, প্রয়োজনীয় চশমা দ্বারা সঠিক করা হইয়াছে কিনা: ------------------------- , ------------------------------

(খ) প্রার্থী সহজে সবুজ ও লাল রং চিহ্নিত করিতে পারেন কিনা: -------------------------

(গ) প্রার্থী রাতকানা রোগে ভুগিতেছেন কিনা: --------------------------------------------

(ঘ) প্রার্থী বধিরতা রোগে ভুগিতেছেন কিনা: --------------------------------------------

৪। মোটরযান চালনায় অক্ষম এইরূপ অঙ্গহানি প্রার্থীর রহিয়াছে কিনা: ---------------------------

৫। মদ বা ড্রাগ আসক্তির কোনো লক্ষণ প্রার্থীর রহিয়াছে কিনা:-----------------------------------

৬। প্রার্থীর (ক) শারীরিক স্বাস্থ্য এবং (খ) দৃষ্টিশক্তির স্বাভাবিক কিনা: --------------------------

৭। প্রার্থীর সনাক্তকরণ চিহ্ন (যদি থাকে) -----------------------------------------------------

আমি এতদ্দ্বারা প্রত্যয়ন করিতেছি যে, নিম্নে সংযুক্ত ছবি উপরে বর্ণিত প্রার্থীর।

| সদ্য তোলা পাসপোর্ট সাইজ রঙিন ছবি (১ কপি) |
|---|

স্বাক্ষর:..............................

নামের সিল:.......................

ডাক্তারের রেজিস্ট্রেশন নং :.....

(ছবির উপরে ডাক্তারের স্বাক্ষর ও সিল থাকিতে হইবে)

**ফরম-৩**
**শিক্ষানবিশ ড্রাইভিং লাইসেন্স**
**Learner's Driving Licence**
[বিধি ৬(৬) দ্রষ্টব্য]

**সদ্য তোলা স্ট্যাম্প সাইজ রঙিন ছবি**

লাইসেন্সের ধরন: ---------------------
Type of License: ----------------
মোটরযানের ধরন: --------------------
Type of Vehicle: -----------------
ইস্যুর তারিখ: ------------------------
Issue Date: -------------------------
মেয়াদ: -------------------------------
Expiry Date: ----------------------
মেট্রোপলিটন/জেলা এলাকার নাম: -----
Area: ------------------------------
ক্রমিক নম্বর: --------------------------
Roll No: --------------------------

শিক্ষানবিশ লাইসেন্স নম্বর: ------------------------
Learner Driving Licence No: ---------------
প্রার্থীর আইডি নম্বর: -------------------------------
Applicant ID: ---------------------------------
প্রার্থীর নাম: ---------------------------------------
Applicant Name: -----------------------------
পিতার নাম: --------------------------------------
Father's Name: -------------------------------
মাতার নাম: ---------------------------------------
Mother's Name: --------------------------------
বর্তমান ঠিকানা: ------------------------------------
Persent Address: -------------------------------
স্থায়ী ঠিকানা: --------------------------------------
Permanent Address: --------------------------
জন্ম তারিখ: ---------------------------------------
Date of Birth: ---------------------------------
রক্তের গ্রুপ: ----------------------------------------
Blood Group: ----------------------------------
মোবাইল নম্বর: ------------------------------------
Mobile Phone No: ----------------------------
জাতীয় পরিচয়পত্র নম্বর: --------------------------
NID No: ---------------------------------------

ড্রাইভিং লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের স্বাক্ষর
Signature of Driving Licensing Authority

| পরীক্ষার নাম<br>Test Name | পরীক্ষার তারিখ<br>Test Date | পরীক্ষার সময়<br>Test Time | পরীক্ষার স্থান<br>Test Venue |
|---|---|---|---|

**ফরম-৪(ক)**

**ড্রাইভিং লাইসেন্সের আবেদন**

[বিধি ৯(১) ও ২১(১) দ্রষ্টব্য]

স্ট্যাম্প সাইজ ছবি আঠা দিয়া লাগাইতে হইবে/Stamp size photo to be attached by glue

ড্রাইভিং লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ (Driving Licensing Authority)……………
বিআরটিএ (BRTA), …………………… সার্কেল (Circle), ……………………........
…………………………………………….……

বিষয় (Subject): ড্রাইভিং লাইসেন্সের জন্য আবেদন (Application for driving license)।

১। জাতীয় পরিচয়পত্র নম্বর (National Identification Number):

| | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | | | | | | | |

২। জন্ম তারিখ (Date of Birth):

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |

৩। নাম (বাংলা): ------------------------------------------------------------------------------

NAME (English): (CAPITAL LETTER)

| | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | | | | |

৪। পিতার নাম (বাংলা): ---------------------------------------------------------------------

Father's name (English):

| | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | | | | |

৫। মাতার নাম (বাংলা): -------------------------------------------------------------------

Mother's Name (English):

| | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | | | | |

৬। লিঙ্গ (Gender) :

☐ Male ☐ Female ☐ Others

৭। বৈবাহিক অবস্থা (Marital Status):

☐ Married ☐ Unmarried ☐ Widowed/Widower ☐ Divorced

৮। Spouse Name (English):

| | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | | | | |

স্বামী/স্ত্রীর নাম (বাংলা): ---------------------------------------------------------------

৯। পেশা (Occupation):

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | |

১০। রক্তের গ্রুপ/ Blood group

| | | |
|---|---|---|
| | | |

১১। স্থায়ী ঠিকানা (Permanent Address):
বাড়ি/গ্রাম/রাস্তা (বাংলা): ----------------------------------------------------------------------
(House/Village/Road/Street):

থানা (Police Station):

উপজেলা/শহর (Upazilla/Town):

জেলা (District/State): পোস্ট কোড (Postcode/Zip):

১২। বর্তমান ঠিকানা (Present Address):
বাড়ি/গ্রাম/রাস্তা (বাংলা): -------------------------------------------------------------------
(House/Village/Road):

থানা (Police Station):

উপজেলা/শহর (Upazilla/Town):

জেলা (District/State): পোস্ট কোড (Postcode/Zip):

১৩। জাতীয়তা (Nationality):

১৪। যোগাযোগ (Contact Details):
